



# বুক 1

## আপনার কি জানা উচিত আপনার অধিকার এবং দায়িত্ব সম্পর্কে

যখন সুবিধাগুলির জন্য আবেদন করবেন বা গ্রহণ করবেন

আপনি অন্ধ বা গুরুতরভাবে দৃষ্টিশক্তি ব্যাহত হলে এবং একটি আবেদন চাইলে বা এই নির্দেশাবলী অন্য কোনো বিন্যাসে প্রয়োজন হলে, আপনি তার জন্য আপনার সামাজিক পরিষেবা ডিস্ট্রিক্টের (social services district, SSD) কাছে অনুরোধ করতে পারেন। নিম্নলিখিত বিকল্প ফরম্যাটগুলি উপলভ্য:

- বড় করে মুদ্রণ;
- ডেটা ফরম্যাট (স্ক্রিন-রিডারে অ্যাক্সেসযোগ্য একটি ইলেকট্রনিক ফাইল);
- অডিও পদ্ধতি (নির্দেশাবলী বা আবেদনের প্রশ্নাবলীর একটি অডিও ট্রান্সক্রিপশন); এবং
- ব্রেইল, আপনি যদি জোর দিয়ে বলেন যে অন্যান্য বিকল্প বিন্যাসগুলি আপনার জন্য সমানভাবে কার্যকর হবে না।

আবেদনপত্র এবং নির্দেশাবলী, বড় করে মুদ্রণ, ডেটা ফরম্যাট এবং অডিও ফরম্যাটে [www.otda.ny.gov](http://www.otda.ny.gov) বা [www.health.ny.gov](http://www.health.ny.gov) থেকে ডাউনলোডের জন্যও উপলভ্য। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে অডিও ফরম্যাটে এবং ব্রেইলিতে উপলভ্য আবেদনপত্র শুধু অবহিতকরণের উদ্দেশ্যে। আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই লিখিতভাবে, বিকল্পহীন পদ্ধতিতে একটি আবেদনপত্র জমা করতে হবে। আপনার যদি অন্য কোনো বন্দোবস্তের প্রয়োজন হয়, অনুগ্রহ আপনার সোস্যাল সার্ভিস ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করুন।

---

এছাড়াও দেখুন

**বুক 2 (LDSS-4148B)**

"আপনার কি জানা উচিত  
সামাজিক সেবা কার্যক্রম সম্পর্কে"  
এবং

**বুক 3 (LDSS-4148C)**

"আপনার কি জানা উচিত যদি  
আপনার একটি জরুরী অবস্থা হয়"

---

**ভবিষ্যতের ব্যবহারের জন্য এই বইটি সংরক্ষণ করুন**

# বিষয়বস্তুর সারণী

পৃষ্ঠা

ভূমিকা .....	2
<b>আপনার অধিকার</b>	
1. আবেদনের অধিকার .....	3
2. বৈষম্যহীনতার অধিকার .....	4
3. ব্যক্তিগত গোপনীয়তার অধিকার .....	5
4. নিজের রেকর্ড দেখার জন্য আপনার অধিকার। .....	6
5. সম্মেলন ও ন্যায্য শুনানি .....	7
6. কর্মসংস্থানের অধিকার .....	10
7. আদালতে পিতৃত্ব প্রতিষ্ঠিত হলে শিশু ও পিতার অধিকার .....	11
8. পিতৃত্ব ও শিশু সহায়তা সংক্রান্ত সহায়তার আইনী পদক্ষেপ এবং প্রতিনিধিত্বের অধিকার .....	12
9. শিশু পরিচর্যা সম্পর্কিত অধিকার .....	12
10. সহায়তা পাস-বুক এবং অতিরিক্ত সহায়তার পেমেন্ট সম্পর্কিত অধিকার - অস্থায়ী সহায়তা .....	13
11. অস্থায়ী সহায়তার জন্য সীমায়িত অর্থ প্রদান চাইবার জন্য আপনার অধিকার .....	14
12. যদি আপনি জালিয়াতি করেছেন বলে সন্দেহ করা হলে আপনার অধিকার .....	14
13. ভোট দেওয়ার জন্য আপনার নিবন্ধনের অধিকার .....	15
14. বিশ্বাস ভিত্তিক সেবা প্রদানকারীদের ক্ষেত্রে আপনার অধিকার। .....	15
<b>আপনার দায়িত্বসমূহ</b>	
1. সাধারণ দায়িত্বসমূহ .....	15
2. সত্য ও সঠিক তথ্য প্রদানের দায়িত্ব .....	15
3. প্রমাণ সরবরাহের দায়িত্ব .....	17
4. স্বয়ংক্রিয় ফিঙ্গার ইমেজিং সিস্টেমে নাম লেখানোর দায়িত্ব .....	21
5. পরিবর্তন জানানোর দায়িত্ব .....	22
6. আপনার সাধারণ সুবিধা সনাক্তকরণ কার্ড সম্পর্কিত দায়িত্ব .....	25
7. আপনার খাদ্য স্ট্যাম্প সুবিধা অ্যাক্সেস করার দায়িত্ব .....	25
8. আপনার বেনিফিট ওভারপেমেন্ট পরিশোধ করার দায়িত্ব .....	25
9. কর্মসংস্থানের দায়িত্ব .....	26
10. শিশু পরিচর্যা সম্পর্কিত দায়িত্ব .....	28
11. শিশু ও স্পাউজাল সহায়তা সম্পর্কিত দায়িত্ব .....	29
12. TA এর জন্য অ্যালকোহল এবং পদার্থ অপব্যবহার স্ক্রিনিং সম্পূর্ণ করার দায়িত্ব .....	31
13. চিকিৎসা সহায়তার জন্য মাদক দ্রব্যের অপব্যবহার পুনর্বাসনে অংশগ্রহণের দায়িত্ব .....	31
14. চিকিৎসা সহায়তা প্রদানকারীদের ব্যবহার সম্পর্কিত দায়িত্ব .....	32
15. পুনঃশংসাপত্রের দায়িত্ব .....	32
16. নাবালকের পিতামাতার দায়িত্ব অস্থায়ী সহায়তার জন্য আবেদন করা বা পাওয়া .....	33
17. আপনি গৃহহীন হলে অস্থায়ী আবাসনের ক্ষেত্রে আপনার দায়িত্ব .....	33
18. পরিপূরক নিরাপত্তা আয়ের (Supplemental Security Income, SSI) জন্য আবেদন করার দায়িত্ব .....	33

## অনুগ্রহ করে নোট করুন:

আপনি যখন সামাজিক পরিষেবার সুবিধাদি বা পরিচর্যার জন্য আবেদন করছেন বা তা পাচ্ছেন তখন আপনার অনেক অধিকার এবং দায়িত্বগুলি সম্পর্কে এই বইটি আপনাকে জানায়।

এটির উদ্দেশ্য আপনাকে রাজ্য এবং ফেডারেল আইন, নিয়ম ও বিধিতে অন্তর্ভুক্ত অধিকার এবং দায়িত্বগুলি সম্পর্কে একটি সাধারণ উপলব্ধি প্রদান করা। আপনার কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার কর্মীর কাছে আরও তথ্য চেয়ে নিন।

## সূচনা

এই বই (LDSS-4148A: "আপনার অধিকার এবং দায়িত্বগুলি সম্পর্কে আপনার যা জানা উচিত") তিনটির মধ্যে একটি যা আমরা আপনাকে যে সহায়তা দিতে পারি সে সম্পর্কে বেশিরভাগ প্রশ্নের উত্তর দেয়। আপনার সুবিধাদির জন্য আবেদন করা এবং পাওয়ার সময় আপনার অধিকার ও দায়িত্বগুলি সম্পর্কে এই বইটি আপনাকে জানায়।

দ্বিতীয় বইটি (LDSS- 4148B: "সামাজিক পরিষেবা কর্মসূচি সম্পর্কে আপনার যা জানা উচিত") প্রতিটি কর্মসূচি সম্পর্কে নির্দিষ্ট তথ্য প্রদান করে, এবং তৃতীয় বইটি (LDSS-4148C: "একটি জরুরী অবস্থা হওয়ার ক্ষেত্রে আপনার যা জানা উচিত") আপনাকে জানায় যে যদি আপনার কোনও জরুরী অবস্থা থাকে তাহলে কী করতে হবে।

এই বইগুলি জুড়ে আমরা জনসহায়তা কর্মসূচিগুলিকে "অস্থায়ী সহায়তা" (Temporary Assistance) বলে থাকি। (আনুষ্ঠানিকভাবে এগুলিকে "পারিবারিক সহায়তা" (Family Assistance) এবং "সুরক্ষা নেট সহায়তা" (Safety Net Assistance) বলা হয়।) "অস্থায়ী" শব্দটির কারণ এতে জোর দেওয়া যে এই কর্মসূচিগুলি কেবলমাত্র আপনাকে ততক্ষণ সহায়তা করার জন্য যতক্ষণ না আপনি নিজে থেকে এবং আপনার পরিবারকে পুরোপুরি সমর্থন করতে পারেন।

এছাড়াও এই বইগুলি চিকিৎসাগত সহায়তা (Medical Assistance)-কেও বোঝায়। চিকিৎসাগত সহায়তার মধ্যে রয়েছে শিশুদের জন্য চাইল্ড হেলথ প্লাস এ (Child Health Plus A) কভারেজ, প্রাপ্তবয়স্কদের জন্য মেডিকৈড (Medicaid) কভারেজ, ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus), কর্মরত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মেডিকৈড বাই-ইন কর্মসূচি (Medicaid Buy-In Program), মেডিকৈয়ার সেভিংস কর্মসূচি (Medicare Savings Program), এবং পরিবার পরিকল্পনা সুবিধাদি কর্মসূচি (Family Planning Benefits Program)।

এই বইগুলি পরিষেবাগুলিকেও বোঝায়। পরিষেবাগুলির মধ্যে রয়েছে শিশু পরিচর্যা, পালিত পরিচর্যা, শিশু কল্যাণ, দত্তক গ্রহণ এবং অন্যান্য বিষয়গুলি।

## আপনার অধিকার

### 1. আবেদনের অধিকার

আপনার এই অধিকার আছে:

- প্রোগ্রামগুলি সম্পর্কে এবং আপনি যে সহায়তা পেতে পারেন তা সম্পর্কে জানানো।
- এই প্রোগ্রামগুলি পেতে আপনাকে কী করতে হবে তা বলা।
- এই প্রোগ্রামগুলির জন্য আবেদন করা।
- আপনি যখন চাইবেন তখন একটি আবেদন পাওয়া।
- আবেদনটি যেদিন আপনি পাবেন (অস্থায়ী সহায়তা এবং খাদ্য স্ট্যাম্প সুবিধার জন্য) সেই একই দিনে জমা দেওয়া (দাখিল করা)।

**দ্রষ্টব্য:** আপনি যদি কমপক্ষে আপনার নাম, ঠিকানা (যদি আপনার তা থাকে) এবং স্বাক্ষর পূরণ করে থাকেন তাহলে একটি ফুড স্ট্যাম্প সুবিধাদি (Food Stamp Benefits)-এর আবেদনটি অবশ্যই গ্রহণ করতে হবে। এটি গুরুত্বপূর্ণ কারণ আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির পরিমাণ আপনি আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদির আবেদন জমা দেওয়ার দিন থেকে গণনা করা হয়। আপনি যদি আপনার আবেদনটি পাওয়ার দিনেই সেটি জমা করেন তাহলে আপনি আরও বেশি ফুড স্ট্যাম্প সুবিধাদি পেতে পারেন। তবে, অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনি ফুড স্ট্যাম্প সুবিধা পেতে পারেন কিনা তা দেখার জন্য আপনাকে আবেদনটির বাকি অংশ পূরণ করতে হবে।

- আপনি যদি শুধুমাত্র শিশু পরিচর্যা পরিষেবাদি (child care services)-এর জন্য আবেদন করছেন তাহলে আপনার আবেদনটি মেল করুন।
- একটি ইন্টারভিউ দিন।
  - চিকিৎসাগত সহায়তার জন্য (মেডিকেড/চাইল্ড হেলথ প্লাস এ/ফ্যামিলি হেলথ প্লাস/ কর্মরত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মেডিকেড বাই-ইন প্রোগ্রাম/ মেডিকেয়ার সেভিংস কমসূচি/পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচি) এমন কোনও নির্দিষ্ট সময়সীমা নেই যার মধ্যে অবশ্যই আপনার বা আপনার প্রতিনিধির ইন্টারভিউ নেওয়া উচিত। তবে, আপনাকে অবশ্যই যোগ্যতা প্রতিষ্ঠার আগে ইন্টারভিউ দিতে হবে।
  - অস্থায়ী সহায়তার জন্য, এই ইন্টারভিউটি সাতটি কার্যদিবসের মধ্যে হওয়া উচিত।
  - ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য, আবেদন জমা দেওয়ার 30 দিনের মধ্যে যোগ্যতা নির্ধারণ এবং সুবিধা জারি করা নিশ্চিত করার জন্য ইন্টারভিউটি সময়মতো নির্ধারিত করতে হবে।
  - ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য, কঠিন পরিস্থিতিতে অফিসে গিয়ে ইন্টারভিউ দেওয়ার থেকে অব্যাহতি পাওয়ার অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। দূরাবস্থার মধ্যে সাধারণত যে সকল বিষয় অন্তর্ভুক্ত থাকে তার মধ্যে কয়েকটি হলো- অসুস্থতা, পরিবহনের সমস্যা, পরিবারের কোনো সদস্যের তত্ত্বাবধায়ন, আবাসস্থল গ্রামীণ এলাকায় হওয়া জনিত সমস্যা, দীর্ঘ সময় ধরে চলমান খারাপ আবহাওয়া বা কাজ বা প্রশিক্ষণের সময় যা অফিস চলাকালীন আপনাকে সোশ্যাল সার্ভিসেস ডিস্ট্রিক্টের অফিসে আসার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। আপনার অনুরোধে ইন-অফিস ইন্টারভিউ মওকুফ করা হবে, যদি আপনার পরিবারের সব প্রাপ্তবয়স্ক সদস্যই বয়স্ক বা প্রতিবন্ধী হয়ে থাকেন যাদের কোনো আয় নেই। এজেন্সি অফিসে গিয়ে সাক্ষাৎকার দেওয়া মওকুফ করে তার পরিবর্তে একটি টেলিফোনের মাধ্যমে সাক্ষাৎকার অথবা নির্ধারিত গৃহ-সাক্ষাতের সুযোগ দিতে পারে। একটি পরিবারের বাসস্থানসহ যেকোনো পারস্পরিকভাবে গ্রহণযোগ্য স্থানে ইন-পার্সন ইন্টারভিউ হতে পারে।

যদি একজন আবেদনকারী ইন্টারভিউতে উপস্থিত থাকতে না পারেন, তাহলে তিনি এমন একজন অনুমোদিত প্রতিনিধিকে পরিবারের জন্য ইন্টারভিউতে উপস্থিত থাকার জন্য **লিখিতভাবে** মনোনীত করতে পারেন যিনি পরিবারের সদস্য নন। তিনি একজন বন্ধু, কোনও আত্মীয়, বা আবেদনকারীর চয়ন করা অন্য কেউ হতে পারেন। এই ব্যক্তির কাছে অবশ্যই প্রয়োজনীয় ডকুমেন্টেশন থাকতে হবে এবং যোগ্যতা নির্ধারণের জন্য স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ (local department of social services, LDSS)-কে তথ্য প্রদান করতে সক্ষম হতে হবে। অনুমোদিত প্রতিনিধির নির্বাচন পরিবারের পছন্দ। যদি একজন আবেদনকারী চান যে কেউ অনুমোদিত প্রতিনিধি হিসেবে কাজ করুক, তাহলে আবেদনকারী এবং অনুমোদিত প্রতিনিধি উভয়কেই অবশ্যই আবেদনটিতে স্বাক্ষর করতে হবে।

আবেদনটি শুধুমাত্র চিকিৎসাগত সহায়তার জন্য হলে, সেই আবেদনটি এমন যে কোনও ব্যক্তি দ্বারা সম্পন্ন এবং স্বাক্ষর করা যেতে পারে যাকে আবেদনকারী আবেদন প্রক্রিয়ায় তার প্রতিনিধিত্ব করার জন্য অনুমোদিত করেছেন। এই প্রতিনিধি আবেদনকারীর জন্য ইন্টারভিউতে উপস্থিত হতে পারেন।

**দ্রষ্টব্য:** আপনি যদি অস্থায়ী সহায়তার জন্য আবেদন করছেন, এবং আপনি আজ আমাদের জানান যে আপনার একটি জরুরী অবস্থা রয়েছে, তাহলে আমাদের অবশ্যই আজ আপনার জরুরী অবস্থা সম্পর্কে আপনার ইন্টারভিউ নেওয়া উচিত। এছাড়াও আপনার জরুরী অবস্থার বিষয়ে আমাদের সিদ্ধান্ত সম্পর্কে আমাদের অবশ্যই আজই লিখিতভাবে আপনাকে জানাতে হবে। আপনি যদি ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য আবেদন করছেন, এবং আপনি দ্রুত প্রক্রিয়াকরণের জন্য যোগ্য হন, তাহলে আপনার ইন্টারভিউ এবং আমাদের সিদ্ধান্তের বিস্তারিত আপনি আপনার আবেদন জমা দেওয়ার দিন থেকে পাঁচটি ক্যালেন্ডার দিনের মধ্যে হবে।

- আপনার পক্ষে দোভাষীর কাজ করার জন্য আপনি আপনার সাক্ষাতকারে কাউকে আনা। আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে এজেন্সি আপনার জন্য বিনামূল্যে একজন দোভাষীর ব্যবস্থা করবে। আপনি ইংরেজিতে সাবলীল নন বলে আপনার সেবাসমূহ প্রত্যাখ্যান করা হবে না। শ্রবণ বা বাক প্রতিবন্ধী আবেদনকারী/প্রাপকরা পরিষেবাগুলিতে অ্যাক্সেস পেতে টেলিটাইপরাইটার/বধিরদের জন্য টেলিযোগাযোগ ডিভাইস (Teletypewriter/ Telecommunications Device for the Deaf, TTY/TTD) রিলে সিস্টেমগুলি ব্যবহার করার কথা বিবেচনা করতে পারেন।
- যদি আপনার কোনও অক্ষমতা থাকে, তা সত্ত্বেও সামাজিক পরিষেবা কর্মসূচিগুলিতে একই অ্যাক্সেস পান, এমন কারও মতো যার অক্ষমতা নেই।
- আপনার আবেদনটি অনুমোদিত না অস্বীকৃত হয়েছে, তা পরিবার সহায়তা এবং ফুড স্ট্যাম্প সুবিধাদিগুলির জন্য আপনার আবেদন (জমা) করার তারিখের 30 দিনের মধ্যে আপনাকে জানানো হবে; আপনার আবেদনটি অনুমোদিত না অস্বীকৃত হয়েছে, তা সেফটি নেট অ্যাসিস্ট্যান্স, জন্য আপনার আবেদনটি (জমা) করার তারিখের 45 দিনের মধ্যে আপনাকে জানানো হবে।

- আপনার আবেদনটি জমা দেওয়ার (দায়ের করার) 30 দিনের মধ্যে পরিষেবাগুলির জন্য আপনার আবেদন অনুমোদিত বা অস্বীকার করার সিদ্ধান্ত পেয়ে যান, এবং সিদ্ধান্ত নেওয়ার 15 দিনের মধ্যে সেই সিদ্ধান্তের লিখিত বিজ্ঞপ্তি পেয়ে যান। তবে, প্রাপ্তবয়স্কদের জন্য সুরক্ষামূলক পরিষেবাদি অনুমোদিত বা অস্বীকার করার সিদ্ধান্তটি অবশ্যই প্রাপ্তবয়স্কদের মূল্যায়ন পরিষেবা পরিকল্পনার জন্য একটি সুরক্ষামূলক পরিষেবা সম্পন্ন হওয়ার সময় করতে হবে।
- আপনি যদি চিকিৎসাগত সহায়তার জন্য যোগ্য হন বা আপনার ইন্টারভিউ সহ চিকিৎসাগত সহায়তার জন্য আপনার আবেদনটি সম্পূর্ণ হলে, আপনার আবেদনটি যদি প্রত্যাখ্যান করা হয়, তাহলে বিজ্ঞপ্তি পাবেন। আপনাকে অবহিত করার সময়সীমা পরিবর্তিত হয়:
  - গর্ভবতী মহিলা এবং ছোট বাচ্চাদের আবেদন জমা দেওয়ার 30 দিনের মধ্যে জানাতে হবে;
  - যদি একজন ব্যক্তির যোগ্যতা অক্ষমতার স্থিতির উপর নির্ভরশীল হয়, তাহলে সেই ব্যক্তিকে অবশ্যই যোগ্যতার সিদ্ধান্ত সম্পর্কে জানাতে হবে আবেদন করার 90 দিনের মধ্যে; এবং
  - আবেদন দাখিলের 45 দিনের মধ্যে অন্য সকল ব্যক্তিকে অবশ্যই বলতে হবে।
- আপনার আবেদন অনুমোদিত হলে না প্রত্যাখ্যাত হলে, তা জানিয়ে আপনাকে একটি লিখিত নোটিশ পাওয়া:
  - যদি আপনার আবেদন অনুমোদিত হয় তাহলে এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে আপনি কি সুবিধা পাবেন;
  - যদি আপনার আবেদন প্রত্যাখ্যাত হয় তাহলে কেন প্রত্যাখ্যাত হয়েছে এবং আপনি যদি এই সিদ্ধান্তের প্রতি দ্বিমত পোষণ করেন বা এটি বুঝতে না পারেন তাহলে আপনাকে কী করতে হবে তা এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে।

**দ্রষ্টব্য:** যদি অস্থায়ী সহায়তার জন্য আপনার আবেদনটি অনুমোদিত হয় এবং আপনি এমন একজন প্রাপ্তবয়স্ক হন যার কোনও সন্তান নেই, তাহলে আপনার অস্থায়ী সহায়তার বিভাগটি সাধারণত সুরক্ষা নেট সহায়তা হবে। সন্তান সহ কিছু পরিবার সেফটি নেট অ্যাসিস্ট্যান্স পাবে।  
সুরক্ষা নেট সহায়তা কেসের ব্যক্তির আবেদনের তারিখের পর থেকে 45 দিনের আগে কোনও সময়ের জন্য পুনরাবৃত্ত অস্থায়ী সহায়তা পাবেন না। সুরক্ষা নেট সহায়তা বিভাগের ব্যক্তিরা এই 45 দিনের সময়কালে যখন তারা পুনরাবৃত্ত সুবিধা পাবেন না, জরুরী অবস্থা পূরণের জন্য সহায়তা পেতে পারেন। (LDSS-4148C দেখুন: আপনার একটি জরুরী পরিস্থিতি হলে আপনার কী জানা উচিত।)  
সুরক্ষা নেট সহায়তা বিভাগের যে ব্যক্তিরা ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য যোগ্য তাদের সেই সুবিধাগুলির জন্য অন্য কোনও আবেদনকারীর চেয়ে বেশি অপেক্ষা করতে হবে না।

## 2. বৈষম্যহীনতার অধিকার

নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস (New York State Office of Temporary and Disability, OTDA), নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health), নিউ ইয়র্ক রাজ্যের শিশু এবং পরিবার পরিষেবার অফিস (New York State Office of Children and Family Services) বা আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ দ্বারা জাতি, ধর্ম, জাতিগত পটভূমি, বৈবাহিক স্থিতি, অক্ষমতা, লিঙ্গ, জাতীয় উৎস, রাজনৈতিক বিশ্বাস বা বয়সের উপর ভিত্তি করে বৈষম্য বেআইনী।

আপনি যদি মনে করেন যে একটি **অস্থায়ী সহায়তা** কর্মসূচিতে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, **যার মধ্যে পারিবারিক সহায়তা এবং সুরক্ষা নেট সহায়তা** থাকে, অথবা কোনও ধরনের বৈষম্যের কারণে আপনার কেসটি অনুপযুক্তভাবে পরিচালনা করা হয়েছে, তাহলে আপনি এখানে ফোন করে বা লিখে অভিযোগ করতে পারেন:

**Bureau of Equal Opportunity Development (BEOD)**  
**New York State Office of Temporary and Disability Assistance**  
**40 North Pearl Street 13A**  
**Albany, New York 12243-0001**  
**(518) 473-8555**

সমান সুযোগ উন্নয়ন ব্যুরো (Bureau of Equal Opportunity Development, BEOD) অভিযোগটি তদন্তের জন্য সামাজিক পরিষেবা বিভাগের কাছে প্রেরণ করবে, এবং অভিযোগকারীকে ট্রান্সমিটাল চিঠির একটি অনুলিপি প্রেরণ করবে। যখন OTDA দ্বারা সামাজিক পরিষেবাদির একটি স্থানীয় বিভাগে একটি অভিযোগ প্রেরণ করা হয়, তখন এই জাতীয় অনুরোধ করার তারিখ থেকে 20 দিনের মধ্যে একটি প্রতিবেদন জমা দিতে হবে এবং 18 নিউ ইয়র্ক কোড, বিধি ও নিয়ম (New York Codes, Rules and Regulations, NYCRR)-এর অংশ 356.3(e)-এর প্রয়োজন অনুযায়ী তাতে অভিযোগ সম্পর্কিত সমস্ত বিষয় সম্পূর্ণরূপে কভার করতে হবে। যদি সময়সীমা পূরণ করা না যায়, তাহলে একটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন প্রেরণ করা উচিত। OTDA অভিযোগ সম্পর্কিত প্রতিবেদনে অন্তর্ভুক্ত যে কোনও বিষয় সম্পর্কে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে প্রতিক্রিয়া সরবরাহ করতে পারে, এবং প্রয়োজনে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সাথে পরামর্শ করে অভিযোগের আরও পর্যালোচনা করতে পারে।

আপনি যদি মনে করেন যে **ফুড স্ট্যাম্প সুবিধাদি** কর্মসূচিতে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে আপনি এই বিষয়ে এখানে চিঠি লিখেও অভিযোগ জানাতে পারেন:

**USDA**  
**Director, Office of Civil Rights**  
**Room 326-W, Whitten Building**  
**1400 Independence Avenue, S.W.**  
**Washington, D.C. 20250-9410**  
**(ভয়েস এবং TDD: (202) 720-5964)**

আপনার বৈষম্যতার অভিযোগের তদন্ত করা হবে, এবং আপনাকে অনুসন্ধানের ফলাফল লিখিতভাবে জানানো হবে।  
আপনি যদি মনে করেন যে অক্ষমতার ভিত্তিতে আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে আপনি লিখিতভাবেও অভিযোগ করতে পারেন এখানে:

Disability Rights Section  
P.O. Box 66738  
Washington, D. C. 20035-6738  
অথবা

Director  
Office for Civil Rights  
U.S. Department of Health and Human Services  
200 Independence Avenue, SW, Room 506-F  
Washington, D.C. 20201  
অথবা

1-800-368-1019 নম্বরে (ভয়েস) অথবা 1-800-537-7697(TDD) এ অফিস ফর সিভিল রাইটসে কল করুন

আপনার বৈষম্যতার অভিযোগের তদন্ত করা হবে, এবং আপনাকে অনুসন্ধানের ফলাফল লিখিতভাবে জানানো হবে।

আপনি যদি মনে করেন যে **চিকিৎসাগত সহায়তা** কর্মসূচিতে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে আপনি নিউ ইয়র্ক রাজ্যের মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights)-এর একটি আঞ্চলিক অফিসে ফোন করতে বা চিঠি লিখতে পারেন, যা টেলিফোন বইয়ের সরকারী পৃষ্ঠায় পাওয়া যাবে।

আপনি যদি মনে করেন যে **অস্থায়ী সহায়তা**, **ফুড স্ট্যাম্প সুবিধাদি** এবং তাদের সম্পর্কিত কর্মসংস্থান কর্মসূচিগুলি, **চিকিৎসাগত সহায়তা**, **পরিষেবা বা শিশু পরিচর্যা** দ্বারা আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাহলে আপনি আলবানিতে নিউ ইয়র্ক রাজ্যের মানবাধিকার বিভাগের সাথে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও আপনি নিউ ইয়র্ক রাজ্যের মানবাধিকার বিভাগের একটি আঞ্চলিক অফিসে ফোন করতে বা চিঠি লিখতে পারেন, যা টেলিফোন বইয়ের সরকারী পৃষ্ঠায় পাওয়া যাবে। এছাড়াও নিউ ইয়র্ক রাজ্যের কয়েকটি শহর এবং কাউন্টিতে মানবাধিকার কমিশনসমূহ রয়েছে যারা বৈষম্যমূলক অভিযোগের তদন্ত করে। একটি তালিকাভুক্তির জন্য আপনার টেলিফোন বই পরীক্ষা করুন।

### 3. ব্যক্তিগত গোপনীয়তার অধিকার

নিউ ইয়র্ক রাজ্যের ব্যক্তিগত গোপনীয়তা সুরক্ষা আইন (New York State Personal Privacy Protection Law) এবং ফেডারেল গোপনীয়তা আইন (federal Privacy Act)-এর অধীনে নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী ও প্রতিবন্ধী সহায়তা অফিস, নিউ ইয়র্ক রাজ্যের শিশু এবং পরিবার পরিষেবার অফিস এবং নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগগুলির আপনাকে এটি জানানো প্রয়োজন যে আপনি আপনার এবং আপনার পরিবারের সম্পর্কে রাজ্যকে (বা, কিছু ক্ষেত্রে, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের কাছে) যে তথ্য প্রদান করেন, সামাজিক সুরক্ষা নম্বর সহ, সেই তথ্য দিয়ে তারা কী করে। গোপনীয়তা আইনের বিবৃতিটি আপনার আবেদন ফর্মে রয়েছে।

আপনার সামাজিক সুরক্ষা নম্বর সহ, এই তথ্যটি, কোন কর্মসূচিগুলি আপনাকে সহায়তা করতে পারে তা জানতে ব্যবহৃত হয়, এবং আপনি কী পরিমাণ অর্থ এবং অন্যান্য সহায়তা পেতে পারেন তা জানার জন্যও ব্যবহৃত হয়। নিম্নলিখিতগুলি এই তথ্যের আরও কিছু ব্যবহারসমূহ:

- নির্দিষ্ট পরিস্থিতিতে একজন আইন প্রয়োগকারী কর্মকর্তার অনুরোধে, স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে অবশ্যই অস্থায়ী সহায়তা এবং ফুড স্ট্যাম্প সুবিধা প্রাপকদের ঠিকানা সরবরাহ করতে হবে।
- কিছু ক্ষেত্রে, আপনি যে তথ্য সরবরাহ করেন তা জুরি পুল গঠনের জন্য ব্যবহৃত হয়।
- কিছু ক্ষেত্রে, তথ্য মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবাদি (United States Citizenship and Immigration Services, USCIS)-এর সাথে শেয়ার করা হয় (হোমল্যান্ড সিকিউরিটি বিভাগে, Department of Homeland Security)। **দ্রষ্টব্য:** চিকিৎসাগত সহায়তা মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবা (USCIS)-কে আপনার অভিবাসন/নাগরিকত্বের স্থিতি সম্পর্কিত আপনার দ্বারা সরবরাহ করা তথ্য দেবে না।
- তথ্য শিশু সহায়তার উদ্দেশ্যে ব্যবহৃত হয়।
- নকল এবং প্রতারণা রোধ করার জন্য, অনুরূপ সহায়তা প্রদানকারী অন্যান্য রাজ্য এবং সংস্থাগুলির সাথে তথ্য শেয়ার করা হয়।

যখনই আপনার কাছে তথ্য চাওয়া হয়, আপনার অবশ্যই সেটি দিতে হবে যাতে আপনি অর্থ বা অন্যান্য সহায়তা পেতে পারেন কিনা তা দেখার জন্য এটি ব্যবহার করা যেতে পারে। নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস, নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগ এবং স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগগুলিকে আপনার সম্পর্কে তথ্য পেতে এবং এই তথ্য যাচাই করতে আইনের যে অংশগুলি বাধ্য করে সেগুলি হল সামাজিক পরিষেবা আইনের ধারা 21, 132, 134-a এবং 366-a এবং ফেডারেল সামাজিক সুরক্ষা আইনের ধারা 1137।

আপনি এবং আপনার পরিবারকে আইনত যে অর্থ বা অন্যান্য সহায়তা পাওয়ার অনুমতি দেওয়া হয়েছে তা আপনি পাচ্ছেন তা নিশ্চিত করার জন্য, আপনি ইতিমধ্যে আমাদের যে তথ্য দিয়েছেন তা নিশ্চিত করতে এবং তার সাথে আরও তথ্য যোগ করার জন্য অন্য ব্যক্তিদের জিজ্ঞাসা করা হতে পারে। উদাহরণস্বরূপ:

- আপনি বর্তমানে কাজ করছেন কিনা বা আগে করেছেন কিনা, এবং, যদি করে থাকেন, তাহলে আপনি কী পরিমাণ অর্থ উপার্জন করেছেন তা জানার জন্য, আপনার নাম এবং সামাজিক সুরক্ষা নম্বর নিউ ইয়র্ক রাজ্যের কর ও অর্থ বিভাগ (New York State Department of Taxation and Finance), এবং পরিচিত নিয়োগকারীদের কাছে প্রেরণ করা হয়। কিছু ক্ষেত্রে আপনি অন্য কোনও রাজ্যে কাজ করেছেন কিনা বা অর্থ বা অন্যান্য সহায়তা পেয়েছেন কিনা তা জানতে আপনার নাম এবং সামাজিক সুরক্ষা নম্বর অন্যান্য রাজ্যের সরকারী সংস্থাগুলিতে প্রেরণ করা হতে পারে।

**দ্রষ্টব্য:** আপনি যদি অস্থায়ী সহায়তা বা চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করছেন বা তা পাচ্ছেন, তাহলে আমরা আপনার সন্তানদের সামাজিক সুরক্ষা নম্বরগুলি তাদের অ-রক্ষণশীল পিতা-মাতাকে দিতে পারি যাতে শিশুদের তাদের অ-রক্ষণশীল পিতা-মাতার স্বাস্থ্য বীমা কভারেজে নথিভুক্ত করা যায় এবং প্রয়োজনে, শিশু সহায়তা প্রয়োগকারী পরিষেবাগুলি শুরু করা যায়। আপনি যদি শুধুমাত্র চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করছেন, তাহলে আমরা শুধুমাত্র চিকিৎসাগত সহায়তার জন্য আপনার সন্তানদের অ-রক্ষণশীল পিতা-মাতাকে অনুসরণ করতে পারি।

- নিউ ইয়র্ক রাজ্য বেকারত্ব বীমা বিভাগ (Unemployment Insurance Division) এবং অন্যান্য রাজ্যের অনুরূপ অফিসগুলিকে জিজ্ঞাসা করা হয় যে আপনি বেকারত্বের সুবিধা পাচ্ছেন কিনা বা আগে পেয়েছেন কিনা।
- আপনার কোনও ব্যাঙ্ক অ্যাকাউন্ট(সমূহ) আছে কিনা তা দেখার জন্য, বা আপনার একটি অ্যাকাউন্ট রয়েছে তা নিশ্চিত করতে এবং তাতে কী পরিমাণ অর্থ রয়েছে তা জানতে ব্যাঙ্কগুলিকে জিজ্ঞাসা করা হতে পারে।
- স্কুলগুলিকে এটি নিশ্চিত করতে জিজ্ঞাসা করা হতে পারে যে আপনার সন্তানেরা সেখানে পড়ে।
- আপনার কোনও গাড়ি আছে কিনা সে বিষয়ে নিউ ইয়র্ক রাজ্যের মোটর গাড়ির বিভাগ (New York State Department of Motor Vehicles)-কে জিজ্ঞাসা করা হতে পারে।
- কর্মসংস্থানের তথ্যের জন্য এবং আপনি পেনশন বা অক্ষমতার সুবিধা পান কিনা তা দেখার জন্য সামাজিক সুরক্ষা প্রশাসন (Social Security Administration)-কে জিজ্ঞাসা করা হয়।
- প্রতিরক্ষা ও ভেটেরানস অ্যাফেয়ার্স বিভাগ (Departments of Defense and Veterans Affairs)-গুলিকে জিজ্ঞাসা করা হয় যে আপনি ক্ষতিপূরণ এবং/অথবা পেনশন সুবিধা পাওয়ার জন্য যোগ্য কিনা এবং/অথবা তা পাচ্ছেন কিনা।
- আপনি যদি অস্থায়ী সহায়তার জন্য আবেদন করছেন বা তা পাচ্ছেন, তাহলে আপনার আয় বা সংস্থানগুলি নির্ধারণ করার জন্য অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবাদি (Internal Revenue Services)-কে ফেডারেল কর সম্পর্কিত তথ্য (1099) সম্পর্কে জিজ্ঞাসা করা হতে পারে।

ব্যক্তিগত গোপনীয়তার অধিকারগুলি সকল চিকিৎসাগত সহায়তা এবং পরিষেবার আবেদনকারী এবং অংশগ্রহণকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য।

একটি চিকিৎসাগত সহায়তার আবেদনে আপনি যে সমস্ত তথ্য সরবরাহ করেন তা গোপনীয় থাকবে। শুধুমাত্র যারা এই তথ্য দেখতে পাবেন তারা হলেন তালিকাভুক্তির সুবিধা প্রদানকারী এবং সেই রাজ্য বা স্থানীয় সংস্থাগুলি, এবং স্বাস্থ্য পরিকল্পনা যাদের এই তথ্যটি জানা প্রয়োজন যাতে আপনি (আবেদনকারী) এবং আপনার পরিবারের সদস্যরা যোগ্য কিনা তা নির্ধারণ করা যায়। আপনার আবেদনে আপনাকে সহায়তাকারী ব্যক্তি কারও সাথে এই তথ্য নিয়ে আলোচনা করতে পারবেন না, এমন একজন সুপারভাইজার বা রাজ্য বা স্থানীয় সংস্থা বা স্বাস্থ্য পরিকল্পনা ছাড়া যাদের এই তথ্যের প্রয়োজন।

আপনি যদি পরিবার পরিকল্পনা সুবিধা কর্মসূচি (FPBP)-এর জন্য আপনার যোগ্যতা সম্পর্কিত তথ্য আপনার নিয়মিত ঠিকানায় পেতে না চান তাহলে আপনি একটি গোপনীয় মেইল পাঠানোর ঠিকানা ব্যবহার করতে পারেন। যদি আপনার স্বাস্থ্য বীমা প্রদানকারীর কাছ থেকে আপনার পরিবার পরিকল্পনার তথ্য গোপন রাখার প্রয়োজন হয়, তাহলে আপনার কর্মীকে জানান।

আপনি আমাদের যে তথ্য প্রদান করেন তা এইভাবে ব্যবহার করা ছাড়াও, নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস (OTDA) কর্মসূচি পরিকল্পনা এবং পরিচালনার জন্য এবং স্থানীয় সামাজিক পরিষেবাগুলির বিভাগগুলি তাদের সাধ্যমতো সেরা কাজ করছে ("**গুণমান নিয়ন্ত্রণ**") তা নিশ্চিত করতে এই তথ্য ব্যবহার করে। এই তথ্য উপ-কমিশনার, তথ্য প্রযুক্তি বিভাগ (Division of Information Technology, DoIT), অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস, 40 নর্থ পার্ল স্ট্রিট, আলবানী, N. Y. 12243-0001 দ্বারা রাখা হয়

এছাড়াও নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস (OTDA) অস্থায়ী সহায়তা আবেদনকারী এবং প্রাপকদের চাকরি খুঁজে পেতে এবং বজায় রাখতে সহায়তা করতে আমাদের কর্মসূচিগুলি কার্যকর কিনা তা জানার জন্য গবেষণা করছে। এই গবেষণাটি খুব গুরুত্বপূর্ণ। এটি আমাদের আপনার মতো হাজার হাজার অস্থায়ী সহায়তায় ক্লায়েন্টদের প্রভাবিত করা পরিষেবাগুলি উন্নত করতে সহায়তা করে।

এই গবেষণাটি করার জন্য, রাজ্যের মজুরি প্রতিবেদনের সিস্টেম ব্যবহার করে গত 10 বছর পর্যন্ত অস্থায়ী সহায়তার আবেদনকারী এবং প্রাপকদের নমুনার মজুরি ট্র্যাক করা প্রয়োজন। এই মজুরির তথ্য শুধুমাত্র গবেষণামূলক উদ্দেশ্যে ব্যবহার করা হয়। **এটি কোনওভাবেই অস্থায়ী সহায়তার জন্য আপনার যোগ্যতাকে প্রভাবিত করে না।** গবেষণার জন্য সংগৃহীত সমস্ত মজুরির তথ্য কঠোরভাবে গোপন রাখা হয়। শুধুমাত্র এই গবেষণা করা ব্যক্তিরা মজুরির তথ্য দেখতে পান এবং তাদের একক আবেদনকারী এবং অংশগ্রহণকারীদের নামে অ্যাক্সেস থাকে না। যদি আপনাকে গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়, তাহলে কোনও প্রতিবেদনে আপনার নাম থাকবে না এবং আপনার মজুরি সম্পর্কে কোনও তথ্য কখনও প্রকাশ করা হবে না। আপনি যদি আপনার মজুরি প্রতিবেদনের রেকর্ড ব্যবহারে আপত্তি জানান, আপনি এখানে সেগুলিকে গবেষণা থেকে বাদ দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন:

**New York State Office of Temporary and Disability Assistance  
Office of Program Evaluation  
40 North Pearl Street  
Albany, New York 12243**

#### 4. আপনার রেকর্ডগুলি দেখার অধিকার

একবার আপনি অর্থ বা অন্যান্য সাহায্যের জন্য আবেদন করলে, আপনার কেস সম্পর্কে দুই ধরনের রেকর্ড রাখা হয়। সাধারণত, ওই রেকর্ডগুলি দেখার অধিকার আপনার আছে।

আপনি আপনার সকল রেকর্ড **নাও** দেখতে পেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি শিশু সহায়তা, দত্তক নেওয়া, পালিত পরিচর্যা, শিশু সুরক্ষামূলক এবং প্রতিরোধমূলক রেকর্ডগুলির সমস্ত বা সেগুলি অংশ দেখতে সক্ষম নাও হতে পারেন। আপনার কর্মী এই সকল নিয়মাবলী আপনার কাছে ব্যাখ্যা করতে পারবেন।



**কেস রেকর্ড - প্রথম** ধরনের রেকর্ডকে আপনার **কেস রেকর্ড** বলা হয় এবং এতে আপনার কেস সম্পর্কে সমস্ত কাগজপত্র থাকে, এবং আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের মাধ্যমে অ্যাক্সেস করার যোগ্য। আপনার কেস রেকর্ডে আপনার আবেদন, জন্ম শংসাপত্রের অনুলিপি, বেতনের রশিদ, আপনার ইন্টারভিউয়ের সময় আপনার কর্মী দ্বারা নেওয়া নোটসমূহ এবং আপনার কেস সম্পর্কে অন্য কোনও তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে।

সাধারণত, কাজের সময়ে আপনি আপনার কেস রেকর্ড দেখার অধিকার রাখেন। তবে, এটি করার জন্য আপনাকে অবশ্যই আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে সময়ের আগে অনুরোধ করতে হবে। আপনি আপনার কেস রেকর্ডে থাকা কাগজগুলির অনুলিপি চাইতে পারেন, তবে এই কাগজগুলি অনুলিপি করার জন্য আপনাকে অর্থ প্রদান করতে হতে পারে। যদি কাগজগুলি নিরক্ষণ শুনানির জন্য ব্যবহার করা হয় বা এর প্রয়োজন হয়, তাহলে সেগুলির অনুলিপিগুলি আপনাকে বিনামূল্যে দিতে হবে।

**কম্পিউটার রেকর্ডসমূহ - দ্বিতীয়** ধরনের রেকর্ড নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিস, (New York State Office of Temporary and Disability Assistance, OTDA) নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health, DOH), অথবা নিউ ইয়র্ক রাজ্যের শিশু এবং পরিবার পরিষেবা অফিস (New York State Office of Children and Family Services, OCFS) দ্বারা রক্ষণাবেক্ষণ করা কম্পিউটার সিস্টেমগুলিতে রাখা হয়। আপনার কেস সম্পর্কে তথ্য আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ এবং/অথবা এমন স্বেচ্ছাসেবী অনুমোদিত এজেন্সিগুলি যারা আপনাকে এবং আপনার পরিবারকে পরিষেবা প্রদান করেছেন, তাদের দ্বারা এই রাজ্যের কম্পিউটার সিস্টেমগুলিতে রাখা হয়। বেশিরভাগ ক্ষেত্রেই, রাজ্য দ্বারা রাখা আপনার কম্পিউটার রেকর্ডগুলি দেখার অধিকারও আপনার রয়েছে। সাধারণত, আপনি যে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে আবেদন করেছেন, বা যারা আপনাকে এবং/অথবা আপনার পরিবারকে পরিষেবা প্রদান করেছেন, তাদের কাছে আপনার প্রশ্ন করা উচিত। আপনার অনুরোধটি কোথায় নির্দেশ করবেন সে বিষয়ে আপনার কর্মীর সাথে পরামর্শ করুন।

আপনার নির্দিষ্ট মেডিকেড দ্বারা সুরক্ষিত স্বাস্থ্য তথ্যের অনুলিপিগুলির জন্য, এখানে অবশ্যই একটি লিখিত অনুরোধ পাঠাতে হবে:

**Claim Detail Unit  
NYS Department of Health  
Office of Medicaid Management  
99 Washington Ave  
7<sup>th</sup> floor, Suite 729  
Albany, NY 12210**

আপনি যখন আপনার কম্পিউটার রেকর্ডের অনুলিপির জন্য লিখিত আবেদন করেন, ব্যক্তিগত গোপনীয়তা সুরক্ষা আইন (Personal Privacy Protection Law)-এর অধীনে এটি প্রয়োজনীয় হয় যে নিউ ইয়র্ক রাজ্যের এজেন্সিগুলিকে, আপনার চিঠি পাওয়ার পাঁচটি কার্যদিবসের মধ্যে, অবশ্যই:

- আপনার রেকর্ডগুলি আপনাকে পাঠাতে হবে; বা
- তারা কেন আপনাকে আপনার রেকর্ড দেবে না তা আপনাকে জানাতে হবে; বা
- আপনাকে জানাবে যে তাদের কাছে আপনার অনুরোধটি রয়েছে এবং তারা নির্ধারণ করবে যে আপনাকে আপনার রেকর্ডগুলি পাওয়ার অনুমতি রয়েছে কিনা।

## 5. কনফারেন্স এবং ন্যায্য শুনানি

আপনি যদি মনে করেন যে আপনার কেস সম্পর্কে কোনও সিদ্ধান্ত ভুল, অথবা আপনি কোনও সিদ্ধান্ত বুঝতে না পারেন, তাহলে তখনই আপনার কর্মীর সাথে কথা বলুন।

যদি আপনি তখনও দ্বিমত পোষণ করেন বা বুঝতে না পারেন, তাহলে আপনার একটি **কনফারেন্স** এবং **ন্যায্য শুনানির** অধিকার রয়েছে।

**কনফারেন্স** - একটি কনফারেন্সের অর্থ যখন আপনি আপনার কেস সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণকারী ব্যক্তি ব্যতীত অন্য কারও সাথে সাক্ষাত করেন। কনফারেন্সে এই ব্যক্তি সেই সিদ্ধান্তটি পর্যালোচনা করবেন। কখনও কখনও একটি কনফারেন্স আপনার যে কোনও সমস্যা সমাধানের ক্ষেত্রে দ্রুততম উপায় হয়। **আপনি ন্যায্য শুনানির অনুরোধ করে থাকলেও আমরা আপনাকে এটির অনুরোধ করতে উৎসাহিত করি।** তবে, কনফারেন্সগুলি স্বেচ্ছামূলক হয়, এবং আপনি একটি কনফারেন্সের অনুরোধ না করলেও ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন। একটি কনফারেন্সের জন্য অনুরোধ করতে, আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে কল করুন বা চিঠি লিখুন।

**একটি কনফারেন্স একটি ন্যায্য শুনানি নয়।** যদি আপনাকে জানানো হয় যে আপনার কেসটি বন্ধ করা হচ্ছে, অথবা আপনি যে অর্থ বা অন্যান্য সহায়তা পাচ্ছেন তা হ্রাস পাবে, এবং একটি কনফারেন্সের মাধ্যমে সমস্যাটি নিষ্পত্তি না করা হয়, তাহলে আপনাকে অবশ্যই একটি **ন্যায্য শুনানির** জন্য অনুরোধ করতে হবে যাতে আপনি যে অর্থ বা অন্যান্য সহায়তা পাচ্ছেন তা বন্ধ বা হ্রাস করা না হয়।

**দ্রষ্টব্য:** একটি কনফারেন্সের জন্য অনুরোধ একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ নয়। আপনি যদি একটি ন্যায্য শুনানি চান, তাহলে আপনাকে অবশ্যই এটির জন্য অনুরোধ করতে হবে।

**ন্যায্য শুনানি** - ন্যায্য শুনানি হল আপনার জন্য একটি সুযোগ যাতে আপনি নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিসের একজন প্রশাসনিক আইন বিচারকের কাছে বলতে পারেন যে কেন আপনি আপনার কেসের ব্যাপারে সিদ্ধান্তটিকে ভুল মনে করেন। তারপরে রাজ্য একটি লিখিত সিদ্ধান্ত জারি করবে যা স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের সিদ্ধান্তটি সঠিক না ভুল ছিল তা জানাবে। লিখিত সিদ্ধান্তটি স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে আপনার কেস সংশোধন করার জন্য আদেশ দিতে পারে।

**কেন আপনি একটি ন্যায্য শুনানি চাইতে পারেন তার কিছু কারণ**

- আপনি আপনার আবেদন প্রত্যাহার করতে সম্মত হয়েছেন কিন্তু আপনি মনে করেন যে আপনাকে আওতাধীন কর্মসূচি বা পরিষেবার জন্য আপনার যোগ্যতা সম্পর্কে ভুল বা অসম্পূর্ণ তথ্য দেওয়া হয়েছিল।
- অস্থায়ী সহায়তা (Temporary Assistance), চিকিৎসাগত সহায়তা (Medical Assistance), ফুড স্ট্যাম্প সুবিধাদি (Food Stamp Benefits), পরিষেবা, শিশু পরিচর্যা (Child Care) বা হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Home Energy Assistance Program, HEAP)-এর জন্য আপনার আবেদন প্রত্যাহান করা হয়েছে, এবং আপনি এই সিদ্ধান্তের সাথে একমত নন।

- আপনি অস্থায়ী সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাদি, পরিষেবা বা HEAP-এর জন্য আবেদন করেছেন এবং 30 দিনেরও বেশি সময় পেরিয়ে গেছে। আপনার আবেদনটি অনুমোদিত বা অস্বীকার করা হয়েছে কিনা তা আপনাকে এখনও জানানো হয়নি। অস্থায়ী সহায়তার জন্য আবেদনকারী কিছু প্রাপ্তবয়স্কদের জন্য, সিদ্ধান্তটি 45 দিন পর্যন্ত সময় নিতে পারে।
- আপনি বিশ্বাস করেন যে আপনার অস্থায়ী সহায়তা, চিকিৎসাগত সহায়তা, পরিষেবা, শিশু পরিচর্যা বা HEAP-এর পরিমাণ অপরিপূর্ণ।
- আপনি চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করেছেন এবং আপনার আবেদন অনুমোদিত বা অস্বীকার করা হয়েছে কিনা তা আপনাকে জানানোর জন্য কোনও বিজ্ঞপ্তি পাননি।
  - আপনি যদি গর্ভবতী হন বা একজন শিশু সন্তানের জন্য আবেদন করেছেন, তাহলে আপনার 30 দিনের মধ্যে বিজ্ঞপ্তি পাওয়া উচিত।
  - আপনি যদি একজন প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে আবেদন করেছেন, তাহলে আপনার যোগ্যতা নির্ধারণ করতে 90 দিন সময় লাগতে পারে।
  - বাকি সবাইকে 45 দিনের মধ্যে অবহিত করা হয়।
- আপনাকে জানানো হয় যে আপনি কাজ করতে বা কোনও কর্মসংস্থান ক্রিয়াকলাপে (কর্মসংস্থানযোগ্য) অংশ নিতে পারেন, এবং আপনি এর সাথে একমত নন।
- আপনি মনে করেন আপনার অস্থায়ী সহায়তা বা ফুড স্ট্যাম্প সুবিধাদি বা শিশু পরিচর্যা সুবিধাদির পরিমাণটি ভুল।
- আপনি চিকিৎসাগত সহায়তা বা শিশু পরিচর্যা সুবিধাদি পাচ্ছেন, কিন্তু আপনাকে ব্যয়ের কিছু অংশ দিতে হয়। আপনি মনে করেন আপনার অংশটি খুব বেশি।
- চিকিৎসাগত সহায়তা একটি পরিষেবার জন্য অর্থ প্রদান করছে এবং আপনাকে জানানো হয়েছে যে আপনার পরিষেবা হ্রাস বা বন্ধ করা হচ্ছে। আপনি এর সাথে একমত নন।
- আপনি একটি চিকিৎসাগত সহায়তা ছাড় কর্মসূচি (Medical Assistance waiver program)-এর জন্য আবেদন করেছেন এবং তা প্রত্যাখ্যান করা হয়েছে। আপনি এর সাথে একমত নন।
- আপনাকে জানানো হয়েছে যে, চিকিৎসাগত সহায়তার অপব্যবহারের কারণে, আপনাকে অবশ্যই একটি প্রধান প্রদানকারীর (প্রাপক সীমাবদ্ধতা কর্মসূচি, Recipient Restriction Program) কাছ থেকে আপনার চিকিৎসাগত সেবা পেতে হবে। আপনি এই সিদ্ধান্তের সাথে একমত নন।  
(**"আপনার দায়িত্বসমূহ," ধারা 14 দেখুন, "চিকিৎসাগত সহায়তা প্রদানকারীদের ব্যবহার সম্পর্কিত দায়িত্বসমূহ"।**)
- আপনি অস্থায়ী সহায়তা, চিকিৎসাগত সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাদি, পরিষেবা বা শিশু পরিচর্যা পাচ্ছেন এবং আপনাকে জানানো হয়েছে যে আপনার কেসটি বন্ধ করা হচ্ছে। আপনি এই সিদ্ধান্তের সাথে একমত নন।
- আপনি অপসারিত নগদ ইলেকট্রনিক বেনিফিট ট্রান্সফার (Electronic Benefit Transfer, EBT) সুবিধাদি পুনরায় আপনাকে জারি করার জন্য অনুরোধ করেছিলেন, এবং সেগুলি পুনরায় জারি করা হয়নি।
- আপনি আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদি EBT অ্যাকাউন্টের একটি সমন্বয় (সংশোধন)-এর অনুরোধ করেছিলেন এবং আপনার অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছিল।
- আপনার ফুড স্ট্যাম্প সুবিধাদি EBT অ্যাকাউন্টটি একটি EBT সিস্টেম সঙ্ক্রান্ত ত্রুটি সংশোধন করার জন্য হ্রাস করা হয়েছিল, এবং আপনি এই ক্রিয়ার সাথে একমত নন।
- আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার অস্থায়ী সহায়তার কিছু অংশ সরাসরি আপনার বিলগুলির জন্য অর্থ প্রদান করতে ব্যবহার করে যেমন তাপ, ভাড়া, ইউটিলিটি (সীমাবদ্ধ অর্থ প্রদান)। আপনি এর সাথে একমত নন।
- আপনি একটি বিশেষ প্রয়োজনের জন্য আরও সহায়তা বা পরিষেবা চান এবং আপনাকে জানানো হয় যে আপনি সেটি পাবেন না। আপনি এর সাথে একমত নন।
- আপনি প্রতি মাসে অস্থায়ী সহায়তা বা ফুড স্ট্যাম্প সুবিধাদি, পরিষেবা বা শিশু পরিচর্যা সুবিধাদি পাচ্ছেন এবং আপনাকে জানান হয় যে আপনি আরও কম পরিমাণ পাবেন। আপনি এর সাথে একমত নন।
- আপনাকে জানানো হয় যে আপনি শিশু পরিচর্যা পরিষেবা, অস্থায়ী সহায়তা বা ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য অতিরিক্ত অর্থ পেয়েছেন এবং আপনাকে জানানো হয় যে আপনাকে এই অতিরিক্ত পরিমাণটি পরিশোধ করতে হবে। অতিরিক্ত অর্থ পরিশোধের বিষয়টিতে আপনি সম্মত নন বা অতিরিক্ত পরিশোধিত অর্থের পরিমাণের সাথে আপনি একমত নন।

একটি ন্যায্য শুনানিতে আপনি এটি ব্যাখ্যা করার একটি সুযোগ পাবেন যে আপনি কেন আমাদের সিদ্ধান্ত ভুল মনে করেন।

**ন্যায্য শুনানির জন্য সময়সীমা** - আপনি যদি অস্থায়ী সহায়তা, চিকিৎসাগত সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাদি, পরিষেবা বা শিশু পরিচর্যার জন্য একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে চান, তাহলে **অবিলম্বে** কল করুন কারণ **এর সময়সীমা রয়েছে**। আপনি যদি বেশি দিন অপেক্ষা করেন তাহলে হয়তো নিরপেক্ষ শুনানি নাও পেতে পারেন।

**দ্রষ্টব্য:** আপনার অবস্থা খুব গুরুতর হলে, নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স যত তাড়াতাড়ি সম্ভব আপনার জন্য একটি নিরপেক্ষ শুনানির ব্যবস্থা করবে। যখন আপনি একটি নিরপেক্ষ শুনানির জন্য কল করবেন বা লিখবেন, তখন আপনার পরিস্থিতি যে অত্যন্ত গুরুতর তা অবশ্যই বোঝাবেন।

**যদি আপনার কেস সম্পর্কে আপনি নোটিস পান** এবং আপনি ন্যায্য শুনানির জন্য আবেদন করতে চান, তাহলে এই বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে ন্যায্য শুনানির জন্য আপনার কত সময় আছে। **সম্পূর্ণ নোটিশটি সাবধানে সাথে পড়ুন।**

যদি আপনার বিজ্ঞপ্তিটি আপনাকে জানায় যে আপনার **অস্থায়ী সহায়তা, চিকিৎসাগত সহায়তা, পরিষেবা বা শিশু পরিচর্যা** অস্বীকার করা হয়েছে, বন্ধ করা হবে বা হ্রাস পাবে, তাহলে আপনি বিজ্ঞপ্তির তারিখ থেকে **60** দিনের মধ্যে একটি ন্যায্য শুনানির জন্য আবেদন করতে পারবেন।

যদি আপনার বিজ্ঞপ্তিটি আপনাকে জানায় যে আপনার **ফুড স্ট্যাম্প সুবিধাদি** অস্বীকার করা হয়েছে, বন্ধ করা হবে বা হ্রাস পাবে, তাহলে আপনি বিজ্ঞপ্তির তারিখ থেকে **90** দিনের মধ্যে একটি ন্যায্য শুনানির জন্য আবেদন করতে পারবেন। আপনি যদি মনে করেন যে আপনি যথেষ্ট পরিমাণে ফুড স্ট্যাম্প সুবিধাদি পাচ্ছেন না, তাহলে সাক্ষাৎদান সময়কালের মধ্যে যে কোনও সময় আপনি একটি ন্যায্য শুনানির জন্য আবেদন করতে পারেন।

**যদি আপনি আপনার কেস সম্পর্কে কোনও বিজ্ঞপ্তি না পান**, এবং আপনার অর্থ বা অন্যান্য সহায়তা অস্বীকার করা হয়, বন্ধ করা হয় বা হ্রাস করা হয়, তাহলেও আপনি একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে পারেন।

**কীভাবে একটি নিরপেক্ষ শুনানির আবেদন করবেন:**

**আপনি যদি আপনার কেস সম্পর্কে একটি বিজ্ঞপ্তি পান** এবং আপনি যদি একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে চান, তাহলে বিজ্ঞপ্তিটি আপনাকে জানাবে তা কীভাবে করতে হবে। **সম্পূর্ণ নোটিশটি সাবধানে সাথে পড়ুন।**

আপনি যদি একটি বিজ্ঞপ্তি পান এবং সেটি থেকে জানতে পারেন যে আপনার সুবিধাদি বন্ধ বা হ্রাস করা হবে, এবং আপনি যদি আপনার বিজ্ঞপ্তির **কার্যকর হওয়ার তারিখের** পূর্বে একটি ন্যায্য শুনানির অনুরোধ করেন, তাহলে আপনার অর্থ বা অন্যান্য সহায়তা অধিকাংশ ক্ষেত্রেই ন্যায্য শুনানির সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত একই রকম ("**সহায়তা অব্যাহত**") থাকবে। যদি বিজ্ঞপ্তিটি কার্যকর হওয়ার তারিখের আগে না পাঠানো হয়ে থাকে, এবং আপনি বিজ্ঞপ্তিটির **পোস্টমার্ক তারিখের** থেকে **10** দিনের মধ্যে ন্যায্য শুনানির জন্য অনুরোধ করেন, তাহলে ন্যায্য শুনানির সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত আপনার অর্থ বা অন্যান্য সহায়তা একই রকম ("**সহায়তা অব্যাহত**") থাকার অধিকারও রয়েছে।

তবে, আপনি যদি "**সহায়তা অব্যাহত**" পান এবং ন্যায্য শুনানিতে হেরে যান, তাহলে আপনি ন্যায্য শুনানির সিদ্ধান্তের জন্য অপেক্ষাকালীন সময়ে "সহায়তা অব্যাহত" হিসেবে যে অস্থায়ী সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধা, চিকিৎসাগত সহায়তা এবং/বা শিশু পরিচর্যা সুবিধাগুলি গ্রহণ করেছেন তা আপনাকে ফেরত দিতে হতে পারে।

আপনি যদি **না চান** যে ন্যায্য শুনানির সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত আপনি যে অর্থ বা অন্যান্য সহায়তা পাচ্ছেন তা একই রকম থাকুক, তাহলে আপনি যখন নিউ ইয়র্ক রাজ্যের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা অফিসে কল করবেন বা ন্যায্য শুনানির জন্য লিখবেন, তখন অবশ্যই তা জানাতে হবে।

**যদি আপনি আপনার কেস সম্পর্কে কোনও বিজ্ঞপ্তি না পান**, এবং আপনার অর্থ বা অন্যান্য সহায়তা বন্ধ বা হ্রাস করা হয়, তাহলে আপনি তখনও একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করতে পারেন। আপনি একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ করার সময়, আপনি আপনার অর্থ বা অন্যান্য সহায়তা পুনরুদ্ধার করার অনুরোধ করতে পারেন ("**সাহায্য অব্যাহত**")।

তবে, আপনি যদি "**সহায়তা অব্যাহত**" পান এবং ন্যায্য শুনানিতে হেরে যান, তাহলে আপনি ন্যায্য শুনানির সিদ্ধান্তের জন্য অপেক্ষাকালীন সময়ে "সহায়তা অব্যাহত" হিসেবে যে অস্থায়ী সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধা, চিকিৎসাগত সহায়তা এবং/বা শিশু পরিচর্যা সুবিধাগুলি গ্রহণ করেছেন তা আপনাকে ফেরত দিতে হতে পারে।

**একটি ন্যায্য শুনানির জন্য আপনার কী করা উচিত**

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স আপনাকে একটি নোটিশ পাঠাবে, যা আপনাকে বলে দেবে কখন এবং কোথায় নিরপেক্ষ শুনানি অনুষ্ঠিত হবে।

আপনাকে নিরপেক্ষ শুনানির জন্য প্রস্তুত হতে সাহায্য করতে, আপনার মামলার রেকর্ড দেখার অধিকার আছে এবং ফর্ম ও কাগজপত্র যা নিরপেক্ষ শুনানিতে প্রশাসনিক আইনের বিচারকের কাছে দেওয়া হবে তার কপি বিনামূল্যে পাওয়ার অধিকার আছে। এছাড়াও আপনি আপনার মামলার রেকর্ডের অন্য যেকোনো কাগজ বিনামূল্যে কপি পেতে পারেন আপনি মনে করেন যে আপনি নিরপেক্ষ শুনানির জন্য প্রয়োজন হতে পারে। সাধারণত, আপনি শুনানির আগে বা সর্বশেষ শুনানিতে এই কাগজগুলো পেতে পারেন। আপনি যদি কোনও কাগজপত্রের অনুরোধ করেন, এবং শুনানির আগে বা শুনানিতে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনাকে তা না দেয়, তাহলে আপনার এই বিষয়ে প্রশাসনিক আইনের বিচারককে জানাতে হবে। ("**আপনার অধিকার দেখুন**," ধারা 4, "**আপনার রেকর্ডগুলি দেখার জন্য আপনার অধিকার**"।)

আপনার কেস সম্পর্কে সিদ্ধান্তটি কেন ভুল তা ব্যাখ্যা করতে আপনাকে সাহায্য করার জন্য আপনি ন্যায্য শুনানিতে একজন আইনজীবী, আত্মীয় বা বন্ধুকে নিয়ে আসতে পারেন। যদি আপনি নিরপেক্ষ শুনানিতে উপস্থিত হতে না পারেন তাহলে আপনার পরিবর্তে অন্য কাউকে পাঠাতে পারেন। আপনি যদি এমন কাউকে পাঠিয়ে থাকেন যিনি ন্যায্য শুনানির আইনজীবী নন, তাহলে এই ব্যক্তিকে প্রশাসনিক আইনের বিচারকের কাছে দেওয়ার জন্য আপনার তাকে একটি চিঠি দেওয়া উচিত। এই চিঠিটির উচিত বিচারককে জানানো যে এই ব্যক্তি আপনার জায়গা নিচ্ছেন।

কেন আপনি মনে করেন যে সিদ্ধান্তটি ভুল তা ন্যায্য শুনানিতে আপনাকে ব্যাখ্যা করতে সাহায্য করার জন্য, আপনার এমন কোনও সাক্ষীদেরও নিয়ে আসা উচিত যারা আপনাকে সাহায্য করতে পারেন এবং আপনার কাছে থাকা যে কোনও তথ্য যেমন:

- বেতনের রশিদ
- ইজারাসমূহ
- বিলসমূহ
- ডাক্তারের বিবৃতি
- রসিদসমূহ

এছাড়াও আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগের একজন ব্যক্তি আপনার কেস সম্পর্কে সিদ্ধান্তটি ব্যাখ্যা করার জন্য ন্যায্য শুনানিতে উপস্থিত থাকবেন। আপনি বা আপনার প্রতিনিধি এই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করতে এবং আপনার পক্ষ থেকে কেসটি উপস্থাপন করতে পারবেন। এছাড়াও আপনি বা আপনার প্রতিনিধি আপনাকে সাহায্য করার জন্য নিয়ে আসা যে কোনও সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করতে পারবেন।

আপনি যদি মনে করেন আপনার ন্যায্য শুনানিতে সহায়তা করার জন্য আপনার একজন আইনজীবী প্রয়োজন তাহলে আপনি আপনার স্থানীয় আইনি সহায়তা সোসাইটি (Legal Aid Society) বা আইনি পরিষেবার দপ্তরে কল করে নিজের জন্য বিনা খরচে একজন আইনজীবী পেতে সক্ষম হতে পারেন। অন্য আইনজীবীদের নামের জন্য আপনার স্থানীয় বার অ্যাসোসিয়েশনকে ফোন করুন।

**দ্রষ্টব্য:** আপনি যদি চান তাহলে আপনি গণ পরিবহন, শিশু পরিচর্যা এবং নিরপেক্ষ শুনানিতে যাওয়ার জন্য অন্যান্য প্রয়োজনীয় যেসব খরচ হয়েছে সেগুলো ফেরত পেতে পারেন। যদি গণ-পরিবহন উপলব্ধ না থাকে তাহলে অন্য পরিবহনের ব্যবস্থা করতে যে খরচ আপনার হয়েছিল সেগুলো আপনি ফেরত পেতে পারেন। আপনি যদি আপনার শারীরিক সমস্যার কারণে গণ-পরিবহন ব্যবহার করতে অক্ষম হন তাহলে অন্য পরিবহনের ব্যবস্থা করতে যে খরচ আপনার হয়েছিল সেগুলো আপনি ফেরত পেতে পারেন। তবে আপনাকে মেডিকেল ভেরিফিকেশনের নথি জমা দেওয়ার কথা বলা হতে পারে।

আপনি যদি নিউ ইয়র্ক স্টেটের কোথাও বসবাস করেন তাহলে আপনি টেলিফোন, ফ্যাক্স, অনলাইন বা নিচের ঠিকানায় লিখিতভাবে একটি ন্যায্য শুনানির আবেদন করতে পারবেন নিচের ঠিকানায়।

**টেলিফোন:** স্টেটব্যাপী টোল-ফ্রি অনুরোধ জানানোর নম্বর 800-342-3334. আপনি যখন ফোন করবেন, আপনার কাছে কোনো বিজ্ঞপ্তি থাকলে সেটি সামনে রাখুন।

**ফ্যাক্স:** করুন আপনার ন্যায্য শুনানির অনুরোধের জন্য এই নম্বরে: 518- 473-6735

**অনলাইন:** একটি অনলাইন আবেদনের ফর্ম পূরণ করুন: <http://www.otda.state.ny.us.us/oah/forms.asp>

**লিখিতভাবে:** বিজ্ঞপ্তিগুলির জন্য, খালি জায়গাগুলি পূরণ করুন এবং বিজ্ঞপ্তিটির একটি কপি পাঠান, বা এই ঠিকানায় লিখে জানান:

**NYS Office of Temporary and Disability Assistance  
Office of Administrative Hearings  
P.O. Box 1930  
Albany, New York 12201-1930**

যে কোনো নোটিশের একটি করে কপি নিজের কাছে রেখে দিন।

আপনার অনুরোধের সাথে যদি আপনার ম্যানেজড কেয়ার প্ল্যান বা ম্যানেজড লং টার্ম কেয়ার সংক্রান্ত স্বাস্থ্য সুবিধার সমস্যা জড়িত থাকে তাহলে এখানে লিখতে পারেন:

**NYS Office of Temporary and Disability Assistance  
Office of Administrative Hearings  
Managed Care Hearing Unit  
P.O. Box 22023  
Albany, New York 12201-2023**

**ফ্যাক্স:** আপনার নোটিশের অনুলিপি, অথবা (518) 473-6735-এ আপনার লিখিত অনুরোধ

আপনি নিচে তালিকাভুক্ত অফিসগুলিতে হেঁটে গিয়ে সশরীরে আপনার অনুরোধ করতে পারেন।

**ওয়াক-ইন** নোটিশের একটি অনুলিপি নিয়ে আসুন, বা কোনও নোটিশের ভিত্তিতে নয় এমন বিষয়ে শুনানির জন্য অনুরোধ করুন, এখানে:

**Office of Temporary and Disability Assistance  
Office of Administrative Hearings  
14 Boerum Place  
Brooklyn, New York**

অথবা

**330 W. 34<sup>th</sup> Street, 3<sup>rd</sup> Fl., New York, New York**

অথবা

**NYS Office of Temporary and Disability Assistance  
Office of Administrative Hearings  
Fair Hearings  
P.O. Box 1930  
Albany, NY 12201-1930**

**দ্রষ্টব্য:** শুধুমাত্র নিউ ইয়র্ক সিটির জরুরি ন্যায্য শুনানির জন্য – কল করুন (800)205-0110। জরুরি কারণ ছাড়া অন্য কোনো কারণে এই টেলিফোন নম্বরটি ব্যবহার করবেন না। জরুরি অবস্থা জড়িত নয় এমন অনুরোধগুলি এই নম্বরে গ্রহণ করা হবে না।

## 6. অস্থায়ী সহায়তার কর্মসংস্থানের অধিকারগুলি

### অস্থায়ী সহায়তার জন্য

একজন অস্থায়ী সহায়তার প্রাপক হিসাবে, আপনি কাজ খুঁজবেন এবং এমন ক্রিয়াকলাপে অংশ নেবেন বলে আশা করা যেতে পারে যা আপনাকে একটি চাকরি পেতে এবং রাখতে সাহায্য করবে। যদি আপনার উচ্চ বিদ্যালয়ের ডিপ্লোমা বা সমতুল্য না থাকে, যেমন GED ডিপ্লোমা, আপনি যোগ্য হতে পারেন এবং আপনার মৌলিক দক্ষতা উন্নত করতে এবং/অথবা একটি উচ্চ বিদ্যালয়ের সমতুল্য ডিপ্লোমা পেতে আপনাকে একটি শিক্ষার ক্রিয়াকলাপে অংশ নিতে হতে পারে। আপনি সম্ভবত শিক্ষার কার্যক্রমের সাথে কর্মসংস্থান, কাজের অভিজ্ঞতা বা অন্যান্য ক্রিয়াকলাপে অংশ নেবেন বলেও আশা করা হবে। আপনি কোনও শিক্ষার কার্যক্রমে অংশ নিতে আগ্রহী কিনা তা আপনার কর্মীকে জানান।

আপনি যদি বিশ্বাস করেন যে গার্হস্থ্য সহিংসতার কারণে আপনি কিছু বা সমস্ত কর্মসংস্থানের প্রয়োজনীয়তা মেনে চলতে পারবেন না, তাহলে আপনি এই প্রয়োজনীয়তাগুলির অস্থায়ীভাবে ছাড়ের জন্য যোগ্য হতে পারেন। ছাড়ের অনুরোধ করার জন্য, আপনাকে অবশ্যই গার্হস্থ্য সহিংসতার স্ক্রিনিং ফর্মটি সম্পূর্ণ করতে হবে বা আপনার কর্মীকে অবহিত করতে হবে যে আপনি একটি মূল্যায়নের জন্য একটি গার্হস্থ্য সহিংসতার যোগাযোগ দেখতে চান।

যদি আপনার শারীরিক বা মানসিক স্বাস্থ্যের প্রতিবন্ধকতা থাকে যা এক বা একাধিক প্রধান জীবনের ক্রিয়াকলাপকে যথেষ্ট পরিমাণে সীমাবদ্ধ করে, এই ধরনের প্রতিবন্ধকতার রেকর্ড থাকে বা এই ধরনের প্রতিবন্ধকতা হিসাবে বিবেচিত হয় তবে আপনার 1973 সালের পুনর্বাসন আইনের (Rehabilitation Act) 504 ধারা এবং 1990 সালের আমেরিকানস উইথ ডিসেবিলিটিস অ্যাক্টের (Americans with Disabilities Act) দ্বিতীয় শিরোনামের অধীনে অধিকার থাকতে পারে। শারীরিক বা মানসিক স্বাস্থ্যের প্রতিবন্ধকতার মধ্যে রয়েছে, উদাহরণস্বরূপ, শেখার অক্ষমতা, মানসিক প্রতিবন্ধকতা, হতাশা, গতিশীলতার প্রতিবন্ধকতা, এবং শ্রবণ শক্তি বা দৃষ্টিশক্তির প্রতিবন্ধকতা। অক্ষমতা থাকলে তা আপনাকে অস্থায়ী সহায়তা পাওয়ার অযোগ্য করবে না।

সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনাকে জিজ্ঞাসা করবে যে শারীরিক বা মানসিক স্বাস্থ্যের প্রতিবন্ধকতা সহ কিছু আছে কিনা, যা আপনার কর্মসংস্থান সহ কাজের ক্রিয়াকলাপে অংশ নেওয়ার ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। আপনি যদি না চান তাহলে আপনার যদি কোনও অক্ষমতা থাকে তাহলে আপনার সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগকে বলার প্রয়োজন নেই, তবে, আপনাকে তখন আপনার অক্ষমতার জন্য কোনও বাসস্থান ছাড়াই কর্মসংস্থান সহ কাজের ক্রিয়াকলাপে অংশ নিতে হতে পারে। স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে আপনি যা কিছু স্বাস্থ্যের তথ্য সরবরাহ করেন তা গোপন রাখা হবে এবং আপনাকে কাজের ক্রিয়াকলাপে অংশ নিতে সহায়তা করার জন্য আপনার পরিষেবাগুলি এবং যুক্তিসঙ্গত বাসস্থানের প্রয়োজন কিনা তা নির্ধারণ করতে ব্যবহার করা হবে। যুক্তিসঙ্গত থাকার ব্যবস্থাগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে, উদাহরণস্বরূপ, অক্ষমতা সম্পর্কিত অ্যাপয়েন্টমেন্টগুলির জন্য অনুমতি দেওয়ার জন্য কাজের সময় হ্রাস করা বা পরিবর্তিত হতে পারে, গতিশীলতার প্রতিবন্ধকতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য অ্যাক্সেসযোগ্য কাজের সাইটগুলি এবং বিশেষ প্রোগ্রামগুলি। যদি আপনার অক্ষমতা পর্যাপ্তভাবে নথিভুক্ত করা হয় তাহলে সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনাকে আপনার সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্যপূর্ণ ক্রিয়াকলাপগুলিতে কাজ করার জন্য নিয়োগ করবে।

আপনি যদি আপনার কাজের ক্রিয়াকলাপের অ্যাসাইনমেন্টের সাথে একমত না হন বা আপনি মনে করেন যে আপনি স্বাস্থ্য সম্পর্কিত সীমাবদ্ধতার কারণে অ্যাসাইনমেন্টটি সম্পাদন করতে অক্ষম, যার মধ্যে রয়েছে যদি আপনি না মনে করেন যে সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনার অক্ষমতাকে পর্যাপ্তভাবে সামঞ্জস্য করেছে, তাহলে আপনি একটি মীমাংসার সম্মেলনের অনুরোধ করতে পারেন। একটি মীমাংসার সম্মেলন হল আপনার স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগের কর্মীদের সাথে একটি মিটিং আপনি কেন আপনার কাজের ক্রিয়াকলাপের অ্যাসাইনমেন্টের সাথে অনিচ্ছা প্রকাশ করেন সেই সম্পর্কে কথা বলার জন্য। একজন ব্যক্তি যিনি আপনার কেসের জন্য সরাসরি দায়ী নয় তিনি সম্মেলনে উপস্থিত থাকবেন। এই ব্যক্তি যে কোনও সমস্যার সমাধান করার চেষ্টা করবেন। আপনি যদি একটি মীমাংসার সম্মেলনের অনুরোধ করেন তাহলে আপনি এখনও আপনার কাজের ক্রিয়াকলাপের অ্যাসাইনমেন্ট মেনে চলবেন বলে তা আশা করা হচ্ছে। আপনি কেন আপনার দায়িত্বের সাথে একমত নন তা একজন প্রশাসনিক আইনের বিচারককে বলার জন্য আপনি একটি ন্যায্য শুনানির অনুরোধও করতে পারেন। যদি আপনাকে কোনও ধর্মীয় সংস্থা দ্বারা প্রদত্ত কোনও কর্মসংস্থান বা প্রশিক্ষণের প্রোগ্রামে নিয়োগ করা হয় তাহলে আপনার অন্য একজন সরবরাহকারীর কাছ থেকে অনুরূপ মূল্যের পরিষেবাগুলি পাওয়ার অধিকার রয়েছে।

যদি আপনার স্থানীয় সামাজিক পরিষেবাগুলির বিভাগ আপনাকে কোনও কাজের ক্রিয়াকলাপের অ্যাসাইনমেন্ট বরাদ্দ করে এবং আপনাকে যা করতে হবে তা না করেন তাহলে আপনাকে একটি মীমাংসার সম্মেলনের অনুরোধ করার সুযোগ দেওয়া হতে পারে। একটি মীমাংসার সম্মেলন হল আপনি কেন অংশগ্রহণ করেননি তা ব্যাখ্যা করার জন্য আপনার স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগের কর্মীদের সাথে একটি মিটিং। যদি সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ সিদ্ধান্ত নেয় যে আপনার প্রয়োজনের সময় অংশ না নেওয়ার জন্য আপনার ভাল কারণ ছিল, তাহলে আপনাকে অনুমোদিত না করাও হতে পারে। আপনি যদি আপনার স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগের সাথে একমত না হন যে আপনার অংশগ্রহণ না করার জন্য ভাল কারণ ছিল না, অথবা যদি আপনাকে প্রস্তাব দেওয়া হয় তখন আপনি একটি মীমাংসার সম্মেলনের অনুরোধ না করেন, এবং আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ আপনাকে নিষেধাজ্ঞা দেয়, তাহলে আপনি কেন অংশ নেননি তা একজন প্রশাসনিক আইনের বিচারককে বলার জন্য একটি ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন।

কর্মসংস্থান সহ কাজের ক্রিয়াকলাপে অংশ নেওয়ার জন্য আপনার শিশু যত্ন বা পরিবহনের মত ব্যয়ের জন্য সাহায্যের প্রয়োজন হয় তাহলে আপনার সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগকে অবহিত করা উচিত। আপনি যদি জানান যে আপনার কোনও কর্মসংস্থান বা কাজের ক্রিয়াকলাপ সম্পর্কিত ব্যয়ের জন্য আপনার সহায়তার প্রয়োজন, তাহলে সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনাকে অবহিত করবে যে কীভাবে কোনও উপলব্ধ পরিষেবাগুলিকে অ্যাক্সেস করতে হয় এবং জেলা যা নির্ধারণ করে যে ব্যয়ের খরচগুলি আপনার কাজের ক্রিয়াকলাপে অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় তা পূরণ করার জন্য পরিশোধ সরবরাহ করবে। আপনি যদি তেরো বছরের কম বয়সী কোনও শিশুর জন্য প্রয়োজনীয় শিশু যত্ন সনাক্ত করতে অক্ষম হন তাহলে সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনাকে শিশু যত্ন সনাক্ত করতে সহায়তা করবে।

### খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির জন্য

আপনি যদি সম্মত না হন যে আপনি কাজ করতে পারবেন, তাহলে আপনার সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগকে অবহিত করা উচিত যে আপনি বিশ্বাস করেন যে আপনাকে কাজের ক্রিয়াকলাপগুলিতে অংশগ্রহণ করার থেকে অব্যাহতি দেওয়া উচিত। আপনার দাবি সম্পর্কে সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের নির্ধারণ দ্বারা আপনাকে অবহিত করবে। যদি সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনার সাথে অসমত হয় তাহলে আপনি একজন প্রশাসনিক আইনের বিচারককে বলার জন্য ন্যায্য শুনানির অনুরোধ করতে পারেন যে কেন আপনি মনে করেন যে আপনি কাজ করতে সক্ষম নন।

যদি আপনাকে খাদ্যের স্ট্যাম্পের কাজের ক্রিয়াকলাপে অংশ নিতে হয় তাহলে আপনি কিছু কাজ সম্পর্কিত ব্যয়ের জন্য অর্থ প্রদানের সহায়তা পেতে সক্ষম হতে পারেন। আপনি শিশু যত্নের ব্যয়ের সাথে সহায়তা পেতেও সক্ষম হতে পারেন।

আপনার যদি শিশু যত্ন পেতে বা পরিবহনের মতো কাজ সম্পর্কিত ব্যয়ের জন্য অর্থ প্রদানের জন্য সাহায্যের প্রয়োজন হয় তাহলে আপনার সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগকে অবহিত করা উচিত। আপনি যদি তেরো বছরের কম বয়সী কোনও শিশুর জন্য প্রয়োজনীয় শিশু যত্ন সনাক্ত করতে অক্ষম হন তাহলে সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগ আপনাকে শিশু যত্ন সনাক্ত করতে সহায়তা করবে।

### চিকিৎসাগত সহায়তার জন্য

চিকিৎসাগত সহায়তার কোনও কর্মসংস্থানের প্রয়োজনীয়তা নেই। তবে, প্রতিবন্ধী কর্মজীবী ব্যক্তিদের জন্য মেডিকেড বাই-ইন প্রোগ্রামের জন্য যোগ্য হতে, একজন ব্যক্তিকে অবশ্যই কাজে নিযুক্ত থাকতে হবে।

## 7. আদালতে পিতৃত্ব প্রতিষ্ঠিত হলে শিশুদের ও পিতাদের অধিকারগুলি

যখন কোন আদালত প্রতিষ্ঠিত করে যে কে একটি সন্তানের পিতা, তখন পিতা এবং সন্তান প্রত্যেকের অধিকার থাকতে পারে, যেমনটি নিচে ব্যাখ্যা করা হয়েছে:

### ক. সন্তানের অধিকার থাকতে পারে:

- পিতা প্রতিবন্ধী হয়ে গেলে প্রতিবন্ধীর সুবিধাগুলির
- পিতা মারা গেলে মৃত্যুর সুবিধাগুলির
- পিতা মারা গেলে একটি উত্তরাধিকারের
- 21 বছর বয়স পর্যন্ত শিশু সহায়তার অর্থ প্রদান

### খ. পিতার অধিকার থাকতে পারে:

- শিশুটির হেফাজত নিতে
- শিশুটির সাথে দেখা করতে
- শিশুটির জন্য যে কোনও পালকের যত্ন, দত্তকগ্রহণ বা অন্য স্থায়ীত্ব পরিকল্পনায় অংশগ্রহণ করার
- শিশুটির উত্তরাধিকারী হতে

## 8. পিতৃত্ব এবং শিশু সহায়তার আইনি পদক্ষেপ এবং প্রতিনিধিত্ব সম্পর্কিত অধিকার

আপনার বা আপনার সন্তানের সাথে জড়িত কোনও পিতৃত্ব বা শিশু সহায়তার আদালতের ক্রিয়াকলাপ সম্পর্কে আপনাকে বলার অধিকার রয়েছে, যার মধ্যে রয়েছে এই জাতীয় আদালতের ক্রিয়াকলাপের সময়, তারিখ এবং স্থান সম্পর্কে অবহিত হওয়ার অধিকারও। আপনার অধিকার আছে, এবং আপনার বা আপনার সন্তানের সাথে জড়িত কোনও পিতৃত্ব বা শিশু সহায়তার পদক্ষেপের সময় আদালতে উপস্থিত হওয়ার প্রয়োজন হতে পারে।

যদি কোনও পিতৃত্ব বা শিশু সহায়তার ক্রিয়াকলাপ আদালতে আনা হয় তাহলে আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে একজন আইনজীবী বা অন্য প্রতিনিধি থাকবেন যিনি কেবল আপনার সন্তানের পিতৃত্ব প্রমাণ করার চেষ্টা করবেন। এই আইনজীবী বা প্রতিনিধি শুধুমাত্র সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগের প্রতিনিধিত্ব করেন এবং ব্যক্তিগতভাবে আপনাকে নয়। এই আইনজীবী বা প্রতিনিধি শিশু সহায়তা সম্পর্কিত নয় এমন কোনও হেফাজত, পরিদর্শন বা অন্যান্য আইনি সমস্যার পরিচালনা করবেন না।

আপনি এই আইনজীবী বা প্রতিনিধিকে যা কিছু তথ্য দেবেন তা ব্যক্তিগত নাও থাকতে পারে। কল্যাণমূলক জালিয়াতির ইঙ্গিত দেওয়া যে কোনও তথ্য রিপোর্ট করা যেতে পারে।

আপনি যদি মনে করেন যে আপনার সহায়তা করার জন্য আপনার একজন আইনজীবীর প্রয়োজন তাহলে আপনি আপনার স্থানীয় আইন সহায়তার (Legal Aid) বা আইনি পরিষেবার (Legal Services) দপ্তরে কল করে নিজের জন্য বিনা খরচে একজন আইনজীবী পেতে সক্ষম হতে পারেন। অন্য আইনজীবীদের নামের জন্য আপনার স্থানীয় বার অ্যাসোসিয়েশনকে ফোন করুন।

আপনি যদি বিশ্বাস করেন যে পিতৃত্ব প্রতিষ্ঠা বা শিশু সহায়তার প্রয়োগের সাথে সম্মতি দিলে আপনাকে বা আপনার সন্তানের গার্হস্থ্য সহিংসতার কারণে ঝুঁকিতে ফেলবে বলে বিশ্বাস করেন, তাহলে আপনি কিছু বা সমস্ত শিশু সহায়তার ক্রিয়াকলাপ থেকে অস্থায়ী ছাড়ের যোগ্য হতে পারেন। ছাড় পেতে, আপনাকে অবশ্যই গার্হস্থ্য সহিংসতার স্ক্রিনিং ফর্মটি সম্পূর্ণ করতে হবে বা আপনার কর্মীকে অবহিত করতে হবে যে আপনি একটি মূল্যায়নের জন্য একটি গার্হস্থ্য সহিংসতার যোগাযোগ দেখতে চান।

## 9. শিশু যত্ন সম্পর্কিত অধিকারগুলি

কীভাবে একটি শিশু যত্নের সরবরাহকারীকে সনাক্ত করতে হয় সেই সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার আপনার আছে। এই তথ্যটি বেশ কয়েকটি উপায়ে সরবরাহ করা যেতে পারে।

- আপনার কর্মী আপনাকে একটি চাইল্ড কেয়ার রিসোর্স এবং রেফারেল প্রোগ্রামের বা অন্যান্য অনুরূপ প্রোগ্রামের নাম এবং টেলিফোন নম্বর দিতে পারেন যা আপনাকে একজন শিশু যত্নের সরবরাহকারী খুঁজে পেতে সহায়তা করতে পারে; অথবা
- আপনার কর্মী আপনাকে শিশু যত্নের প্রদানকারীদের নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর সহ একটি তালিকা দিতে পারেন।
- আপনার সন্তানের জন্য শিশু যত্নের সরবরাহকারীকে বেছে নেওয়ার অধিকার আপনার আছে। এটি এমন একজন সরবরাহকারী হতে পারে যিনি লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত অথবা এটি কোনও আত্মীয়, পরিবারের বন্ধু বা বিশ্বস্ত প্রতিবেশী হতে পারে। আপনি যদি এমন কাউকে বেছে নেন যিনি লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত নয় তাহলে তারা অর্থ প্রদানের জন্য যোগ্য কিনা তা দেখার তাদের জন্য একটি শিশু যত্নের তালিকাভুক্তির ফর্ম সম্পূর্ণ করতে হবে।

অস্থায়ী সহায়তার (TA) পরিবর্তে আপনার শিশু যত্ন বেছে নেওয়ার অধিকার রয়েছে। আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে TA পাওয়ার পরিবর্তে, আপনার যা সত্যিই প্রয়োজন তা হল শিশু যত্নের জন্য অর্থ প্রদানে সহায়তা করা। যে পরিবারগুলি TA-এর জন্য আবেদন করছে বা গ্রহণ করছে এবং কাজ করার জন্য শিশু যত্নের প্রয়োজন, তারা শ্রমজীবী পরিবারগুলির জন্য একটি শিশু যত্নের গ্যারান্টির জন্য যোগ্য হতে পারে। এই শিশু যত্নের গ্যারান্টির জন্য যোগ্যতার 60 মাসের সময়সীমা নেই। আপনি যতক্ষণ যোগ্য ততক্ষণ আপনি শিশু যত্নের সুবিধাগুলি পেতে পারেন।

আপনি যদি TA-এর জন্য আবেদন করেন এবং TA-এর পরিবর্তে শিশু যত্ন বেছে নেন অথবা আপনি TA গ্রহণ করেন এবং আপনার TA কেসটি বন্ধ করতে বলেন তাহলে আপনি এই গ্যারান্টির জন্য যোগ্য, এবং:

- আপনার আয় TA সীমার মধ্যে;
- আপনি TA দ্বারা প্রয়োজনীয় ঘন্টার সংখ্যা কাজ করছেন;
- আপনার 13 বছরের কম বয়সী শিশুর জন্য শিশু যত্নের প্রয়োজন যাতে আপনি কাজ করতে পারেন;
- আপনি একটি যোগ্য শিশু যত্নের সরবরাহকারী ব্যবহার করছেন; এবং

আপনি যদি TA-এর জন্য যোগ্য হন এবং সিদ্ধান্ত নেন যে আপনার সত্যিই যা শুধু প্রয়োজন তা হচ্ছে শিশু যত্ন, তাহলে আপনার কর্মী আপনাকে বলতে পারেন কীভাবে শিশু যত্নের গ্যারান্টির জন্য আবেদন করতে হয়। আপনি যদি ইতিমধ্যেই TA গ্রহণ করেন এবং অন্যথায় প্রোগ্রামের জন্য যোগ্য হন তাহলে শিশু যত্নের গ্যারান্টি পেতে আপনাকে আপনার TA কেসটি কেস বন্ধ করতে হবে। আপনি যদি মত পরিবর্তন করেন এবং স্থির করেন যে আপনার অস্থায়ী সহায়তার প্রয়োজন, তাহলে আপনি যেকোনো সময় আবেদন করতে পারবেন।

আপনি যদি TA এবং শিশু যত্ন গ্রহণের পরিবর্তে শিশু যত্নের সহায়তা গ্রহণ করা বেছে নেন তাহলে আপনাকে আপনার সন্তানের যত্নের ব্যয়ের কিছু অংশ প্রদান করতে হবে। এটিকে আপনার পারিবারিক অংশ বা ফি বলা হয়। আপনি যে পরিমাণ অর্থ প্রদান করেন তা আপনার আয়ের উপর নির্ভর করে। এছাড়াও, যদি আপনার সরবরাহকারী মার্কেটের হারের চেয়ে বেশি চার্জ করে তাহলে আপনাকে আপনার যে শিশু যত্নের সরবরাহকারী মার্কেটের হারের চেয়ে বেশি চার্জ করে এমন পরিমাণ অর্থ প্রদান করতে হবে।

আপনি এখনও খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন এমনকি যদি আপনি শিশু যত্নের সহায়তার জন্য অনুরোধ বা আপনার TA কেসটি বন্ধ করার জন্য অস্থায়ী সহায়তার জন্য আপনার আবেদন পরিবর্তন করার অনুরোধ করেন তবুও। আপনি যদি আপনার আবেদনটি পরিবর্তন করেন বা শিশু যত্নের সহায়তা পেতে আপনার TA কেসটি বন্ধ করেন তাহলে আপনি খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির জন্য একটি পৃথক যোগ্যতার নির্ধারণ পাবেন।

আপনি যদি একই সময়ে চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করে থাকেন যখন আপনি অস্থায়ী সহায়তা এবং খাদ্যের স্ট্যাম্পের জন্য আবেদন করেছিলেন, এবং আপনি কেবলমাত্র শিশু যত্নের সহায়তা পাওয়া বেছে নেন তাহলে আপনার আবেদনটি একটি পৃথক নির্ধারণের জন্য চিকিৎসাগত সহায়তার প্রোগ্রামে প্রেরণ করা হবে। আপনি যদি বর্তমানে অস্থায়ী সহায়তা পান এবং আপনার কেসটি বন্ধ করার জন্য অনুরোধ করেন তাহলে আপনার চিকিৎসাগত সহায়তা অব্যাহত থাকবে যদি না আপনি অনুরোধ করেন যে এটি বন্ধ করা হোক বা আপনার পরিস্থিতি পরিবর্তিত হয়ে থাকে যাতে আপনি আর চিকিৎসাগত সহায়তার জন্য যোগ্য না হন। আপনাকে আপনার চিকিৎসাগত সহায়তার কর্মীর সাথে কথা বলা উচিত যদি আপনি অনুরোধ করেন যে বর্ধিত উপার্জনের কারণে আপনার কেসটি বন্ধ করা হক। আপনি এখনও চিকিৎসাগত সহায়তার জন্য যোগ্য হতে পারেন অথবা আপনি হয়তো ট্রানজিশনাল চিকিৎসাগত সহায়তার জন্য যোগ্য হতে পারেন।

যদি আপনাকে শিশু যত্নের সুবিধাগুলির থেকে বঞ্চিত করা হয়, আপনার সুবিধাগুলি হ্রাস বা বন্ধ করা হয়েছে বা আপনার বিরুদ্ধে অতিরিক্ত অর্থ প্রদানের অভিযোগ আনা হয়েছে তাহলে আপনার ন্যায্য শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে।

### অস্থায়ী সহায়তা প্রাপকদের জন্য:

যদি আপনার কাজের ক্রিয়াকলাপে অংশ না নেওয়ার কারণ হয় যে আপনার 13 বছরের কম বয়সী শিশুর জন্য যথাযথ, অ্যাক্সেসযোগ্য, সাশ্রয়ী মূল্যের এবং উপযুক্ত শিশু পরিচর্যা নেই তাই আপনি অংশ না নিয়ে থাকেন তাহলে আপনার অস্থায়ী সহায়তা হ্রাস বা শেষ করা যাবে না।

আপনি যদি নিজে থেকে একজন শিশু যত্নের সরবরাহকারীকে খুঁজে পেতে অক্ষম হন তাহলে আপনার কর্মীকে অবশ্যই আপনাকে শিশু যত্নের সরবরাহকারীদের দুটি বিকল্প সরবরাহ করতে হবে। এই বিকল্পগুলির মধ্যে অন্তত একটি অবশ্যই একটি শিশু পরিচর্যার সরবরাহকারী হতে হবে যিনি নিউ ইয়র্ক রাজ্য বা নিউ ইয়র্ক শহরের ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিনের (New York City Department of Health and Mental Hygiene) সাথে লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত।

আপনার যদি 13 বছরের কম বয়সী একটি সন্তান থাকে এবং আপনি যথাযথ, অ্যাক্সেসযোগ্য, সাশ্রয়ী মূল্যের এবং উপযুক্ত একটি শিশু যত্নের সরবরাহকারী খুঁজে পেতে অক্ষম হন তাহলে আপনার কাজের ক্রিয়াকলাপ থেকে অব্যাহতি পাওয়ার অধিকার রয়েছে। তবে, আপনার কাজের ক্রিয়াকলাপ থেকে আপনাকে অব্যাহতি করার সময়টি তবুও আপনার ফেডারেলভাবে অর্থায়ন এবং নগদ অস্থায়ী সহায়তার 60 মাসের সীমার দিকে গণনা করা হবে।

- **যথাযথ** মানে হচ্ছে যে সরবরাহকারী আপনার কাজের ক্রিয়াকলাপে অংশ নেওয়ার জন্য প্রয়োজনীয় ঘন্টা এবং দিনগুলির জন্য উন্মুক্ত, এবং আপনার সন্তানের যে কোনও বিশেষ চাহিদা সহ আপনার সন্তান(দের)-এর যত্ন নিতে ইচ্ছুক।
- **অ্যাক্সেসযোগ্য** মানে হচ্ছে আপনি আপনার নিজের গাড়ি চালিয়ে বা পাবলিক পরিবহন দ্বারা সরবরাহকারীর কাছে যেতে সক্ষম এবং সরবরাহকারী আপনার বাড়ি এবং কর্মস্থানের থেকে একটি যুক্তিসঙ্গত দূরত্বের মধ্যে অবস্থিত। আপনার কর্মীকে অবশ্যই আপনাকে বলতে হবে যে আপনার সম্প্রদায়ের জন্য কোনটি যুক্তিসঙ্গত দূরত্ব হিসাবে বিবেচিত হয়।
- **উপযুক্ত** মানে হচ্ছে যে আইনগতভাবে অব্যাহতিপ্রাপ্ত (অনানুষ্ঠানিক) সরবরাহকারীর শারীরিক বা মানসিক অবস্থা বা আইনত অব্যাহতিপ্রাপ্ত বাড়ির শারীরিক অবস্থা আপনার সন্তানদের স্বাস্থ্য বা সুরক্ষার জন্য ক্ষতিকারক হবে না।
- **সাশ্রয়ী মূল্যের** মানে হল যে আপনার কাছে শিশু যত্নের ব্যয়ের আপনার অংশ পরিশোধ করার জন্য পর্যাপ্ত অর্থ রয়েছে, যদি আপনাকে ব্যয়ের একটি অংশ প্রদান করতে হয়।

আপনার অস্থায়ী সহায়তা হ্রাস বা শেষ করার সিদ্ধান্তের বিরুদ্ধে আবেদন করার জন্য আপনার ন্যায্য শুনানির অনুরোধ করার অধিকার রয়েছে যদি আপনি মনে করেন যে আপনার কর্মী শিশু যত্নের অভাবের কারণে আপনার কাজের ক্রিয়াকলাপগুলি মেনে চলতে অস্বীকার করার বিষয়ে ভুল সিদ্ধান্ত নিয়েছেন।

## 10. সহায়তার পাস-ব্রু এবং অতিরিক্ত সহায়তার অর্থ প্রদান সম্পর্কিত অধিকারগুলি - অস্থায়ী সহায়তা

যখন আপনি অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন, যার মধ্যে পারিবারিক সহায়তা এবং সুরক্ষার নেট সহায়তা অন্তর্ভুক্ত থাকে, এবং যতক্ষণ আপনি অস্থায়ী সহায়তা পান, আপনি সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগে আপনার নিজের পক্ষ থেকে সহায়তার অর্থ প্রদান পাওয়ার জন্য আপনার সমস্ত অধিকার এবং পরিবারের যে কোনও সদস্যের পক্ষ থেকে যার জন্য আপনি আবেদন করছেন, বা গ্রহণ করছেন তাকে সহায়তা করার জন্য আপনার সমস্ত অধিকার আপনাকে বরাদ্দ করে অস্থায়ী সহায়তা।

**1 অক্টোবর, 2009 থেকে কার্যকর** যখন আপনি অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন এবং যতক্ষণ পর্যন্ত আপনি অস্থায়ী সহায়তা পান, আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে আপনার নিজের পক্ষ থেকে সহায়তার অর্থ প্রদান পাওয়ার অধিকার এবং পরিবারের যে কোনও সদস্যের পক্ষ থেকে সহায়তা পাওয়ার অধিকার অর্পণ করেন যার জন্য আপনি আবেদন করছেন বা সহায়তা পাচ্ছেন, তবে এটি আপনার বা পরিবারের সদস্য অস্থায়ী সহায়তা পাওয়ার সময় যে পরিমাণ সহায়তা অর্জন করেন তাতে সীমাবদ্ধ।

**পাস-ব্রু সমর্থন করুন:** বর্তমান আদালত দ্বারা আদেশ করা বাধ্যবাধকতার জন্য যে কোনো নির্ধারিত শিশু সহায়তার সংগ্রহের একটি অংশ, যখন সময়মতো প্রদান করা হবে, মাসিক অস্থায়ী সহায়তার অনুদান ছাড়াও আপনাকে দেওয়া হবে। আপনাকে দেওয়া শিশু সহায়তার অর্থ প্রদানের অংশটিকে "পাস-ব্রু পেমেন্ট" বলা হয়। পাস-ব্রু পেমেন্ট প্রতি মাসে সংগৃহীত বর্তমান সহায়তার প্রথম 100 মার্কিন ডলার বা মাসিক আদালত-আদেশিত বাধ্যবাধকতার জন্য সংগৃহীত পরিমাণ পর্যন্ত পরিমাণের কম। জানুয়ারী 1, 2010 থেকে, 100 মার্কিন ডলারের পাস-ব্রু পেমেন্ট অব্যাহত থাকবে যেখানে অস্থায়ী সহায়তার কেসে 21 বছরের কম বয়সী একজন ব্যক্তি সক্রিয় রয়েছে। যেখানে একই অস্থায়ী সহায়তা কেসে 21 বছরের কম বয়সী দুই বা তার বেশি ব্যক্তি সক্রিয় আছেন, সেখানে পাস-ব্রু পেমেন্ট প্রতি মাসে সংগৃহীত বর্তমান সহায়তার প্রথম 200 মার্কিন ডলার বা মাসিক আদালত-নির্দেশিত বাধ্যবাধকতার জন্য সংগৃহীত পরিমাণের মধ্যে যেটি কম, সেই পরিমাণে বৃদ্ধি পাবে। এই পাস-ব্রু পেমেন্টটি আপনার অস্থায়ী সহায়তা অনুদানের বিপরীতে গণনা করা হয় না, কিন্তু আপনার ফুড স্ট্যাম্পের সুবিধাগুলি হ্রাস করতে পারে।

যখন আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার জন্য বর্তমান সহায়তা পাবেন, তখন আপনাকে প্রাপ্ত সহায়তার একটি মাসিক প্রতিবেদন পাঠানো হবে। এই মাসিক প্রতিবেদনটি আপনাকে জানায় যে আপনি পাস-ব্রু পেমেন্ট পাবেন কি না, কতটা পাবেন এবং কেন। আপনার উচিত সেই মাসের সুবিধা প্রাপ্তির সাথে আপনার এই প্রতিবেদনটি তুলনা করা।

আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার জন্য বর্তমান সহায়তা প্রদান পাওয়ার পরের মাস থেকেই আপনি পাস-থ্রু পেমেন্টটি পাবেন। পাস-থ্রু পেমেন্টটি মাসে একবার প্রদান করা হয়।

একটি সহায়তা প্রদান তখনই "বর্তমান" বলে গণ্য করা হয় যখন তা সেই মাসে প্রদান করা হয় যখন তা প্রদেয় হয়। একটি সহায়তার পেমেন্ট অ-হেফাজতি পিতামাতা দ্বারা সমগ্র মতো প্রদান করা হয়ে থাকতে পারে কিন্তু আপনার স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগ তা দেরিতে পেয়ে থাকতে পারেন। এটি ঘটতে পারে যদি কোনও নিয়োগকর্তা অ-হেফাজতি পিতামাতার বেতন থেকে সহায়তার অর্থ নিয়ে নেন কিন্তু তা দেরিতে পাঠান। যদি অ-হেফাজতি পিতামাতা অন্য কাউন্টি বা রাজ্যে সহায়তার অর্থ প্রদান করে থাকেন এবং সেই অফিস থেকে দেরিতে পেমেন্ট পাঠানো হয় তাহলেও বর্তমান সহায়তা দেরিতে পাওয়া যেতে পারে। যতক্ষণ পর্যন্ত অ-হেফাজতি পিতামাতা প্রদেয় মাসে সহায়তা প্রদান করেন, এবং আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ সহায়তাটি পান, ততক্ষণ পর্যন্ত আপনাকে সেই মাসের জন্য একটি পাস-থ্রু পেমেন্ট প্রদান করা হবে।

**অতিরিক্ত সহায়তার পেমেন্ট:** বরাদ্দ করা শিশু পরিচর্যার সংগ্রহগুলি আপনাকে অস্থায়ী সহায়তার মোট পরিমাণ পর্যন্ত পরিশোধের জন্য রাজ্য এবং স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে প্রদান করা হবে। আপনি আপনার প্রাপ্য যে কোনও পাস-থ্রু পেমেন্ট ছাড়াও, প্রদত্ত অস্থায়ী সহায়তার মোট পরিমাণ **অতিক্রম** করা সংগৃহীত কোনও সহায়তার অর্থের পরিমাণ পাওয়ার অধিকারী।

**ডেস্ক পর্যালোচনা:** আপনি যদি মনে করেন যে আপনি পাস-থ্রু পেমেন্ট বা অতিরিক্ত সহায়তা পাওয়ার অধিকারী হতে পারেন, তাহলে আপনি আপনার পেমেন্টের ডেস্ক পর্যালোচনার অনুরোধ করার জন্য একটি ফর্ম পেতে **1-888-208-4485** নম্বরে কল করতে পারেন। আপনি যদি বিশ্বাস করেন যে একটি ভুল হয়েছে তাহলে তারপরেই একটি ডেস্ক পর্যালোচনার অনুরোধ করা উচিত কারণ একটি প্রথম-স্তরের ডেস্ক পর্যালোচনা শুধুমাত্র আপনার অনুরোধের ক্যালেন্ডার বছর এবং আপনার অনুরোধের বছরের আগের বছরটির জন্য পেমেন্ট কভার করে। আপনি সম্পূর্ণ ফর্ম এবং ডকুমেন্টেশন পাঠানোর পরে, স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার কেসটি পর্যালোচনা করবে এবং আপনার লিখিত অনুরোধ প্রাপ্ত হওয়ার তারিখের 45 ক্যালেন্ডার দিনের মধ্যে, অথবা নির্দিষ্ট পরিস্থিতিতে, 75 ক্যালেন্ডার দিনের মধ্যে আপনাকে একটি লিখিত প্রতিক্রিয়া জারি করবে। এই ডেস্ক পর্যালোচনার অংশ হিসাবে, আপনি ডেস্ক পর্যালোচনা কর্মীদের তথ্য দিতে সক্ষম হবেন যারা উপযুক্ত রেকর্ডগুলি এবং আপনার সরবরাহ করা যে কোনও তথ্য পর্যালোচনা করবেন যাতে আপনার কোনও শিশু সহায়তা প্রাপ্য কিনা তা নির্ধারণ করার জন্য। আপনার কাছে আরও বেশি অর্থ পাওনা আছে তা প্রমাণ করার জন্য আপনি তথ্য পাওয়ার জন্য সাহায্য চাইতে পারেন যে।

যদি প্রথমস্তরের ডেস্ক পর্যালোচনা সম্পূর্ণ হয়ে যায় কিন্তু আপনি যা নির্ধারণ করা হয়েছে তাতে সন্তুষ্ট না হন, তাহলে আপনি আপনার প্রথম-স্তরের ডেস্ক পর্যালোচনা নির্ধারণের সাথে প্রদত্ত দ্বিতীয়-স্তরের ডেস্ক পর্যালোচনার ফর্মটি সম্পূর্ণ করে দ্বিতীয়-স্তরের ডেস্ক পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন। আপনাকে অবশ্যই প্রথম-স্তরের ডেস্ক পর্যালোচনা নির্ধারণের তারিখের 20 দিনের মধ্যে দ্বিতীয়-স্তরের ডেস্ক পর্যালোচনার জন্য অনুরোধ করতে হবে। দ্বিতীয়-স্তরের ডেস্ক পর্যালোচনা হল নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance, OTDA) এর দ্বারা পরিচালিত প্রথম-স্তরের নির্ধারণের এবং আপনার সরবরাহ করা কোনও অতিরিক্ত কিন্তু পূর্বে অনুপলব্ধ ডকুমেন্টেশনের একটি পর্যালোচনা। NYS OTDA পর্যালোচনা পরিচালনা করবে এবং আপনার অনুরোধের তারিখের 30-টি ক্যালেন্ডার দিনের মধ্যে তাদের সংকল্প সরবরাহ করবে। এই প্রক্রিয়া সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থেকে থাকে বা দ্বিতীয়-স্তরের ডেস্ক পর্যালোচনা অনুরোধ ফর্মের একটি অতিরিক্ত অনুলিপি প্রয়োজন হয় তাহলে আপনি এই নম্বরে কল করতে পারেন 1-888-208-4485.

## 11. অস্থায়ী সহায়তার জন্য সীমায়িত অর্থ প্রদানের জন্য আপনার অনুরোধ করার অধিকার রয়েছে

আপনি যদি পারিবারিক সহায়তা প্রোগ্রাম থেকে অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন বা তা পেয়ে থাকেন, তাহলে আপনার স্থানীয় সামাজিক পরিষেবার বিভাগকে আপনার অস্থায়ী সহায়তা অনুদানের সমস্ত বা কিছু অংশ যেমন তাপ, ভাড়া বা ইউটিলিটির মতো সরাসরি বিলগুলি প্রদান করতে "সীমায়িত" রাখতে বলার অধিকার আপনার রয়েছে। আপনার অস্থায়ী সহায়তা "সীমায়িত" করার অর্থ হল আপনার জন্য আপনার অস্থায়ী সহায়তার একটি অংশ অন্য কাউন্টে প্রদান করা হবে।

উদাহরণস্বরূপ, আপনি যদি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগকে আপনার ভাড়া সীমায়িত করতে বলেন, তাহলে আপনার ভাড়ার টাকা আপনার অস্থায়ী সহায়তা নগদ সুবিধায় আপনাকে দেওয়ার পরিবর্তে প্রতি মাসে আপনার বাড়ির মালিকের কাছে সরাসরি পাঠানো হবে। আপনার অস্থায়ী সহায়তা সীমায়িত করার জন্য অনুরোধ করতে, "স্বেচ্ছায় সীমায়িত অর্থ প্রদানের জন্য অনুরোধ" ফর্মটি চান, সেটি পূরণ করুন এবং আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে ফিরিয়ে দিন।

আপনি আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগে চিঠি লিখে স্বেচ্ছায় করা সীমিতকরণ বন্ধ করতে পারেন। স্থানীয় সমাজ সেবা বিভাগ আপনার লিখিত অনুরোধ পাওয়ার 30 দিনের মধ্যে স্বেচ্ছাকৃত সীমিতকরণ বন্ধ করা আবশ্যিক। কিন্তু, স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ প্রশাসনিক সুবিধার জন্য আপনার অনুদানের সমস্ত বা কিছু অংশ সীমায়িত করার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি যদি অনুরোধ করেন যে আপনার অনুদানটি আপনার তাপ এবং/অথবা ডোমেস্টিক এনার্জি বিলের জন্য অর্থ প্রদান করা পর্যন্ত সীমায়িত করা হোক, তাহলে আপনার ডোমেস্টিক এনার্জির জন্য আপনার হিটিং অ্যালাওয়েন্স এবং/অথবা বাজেট বিলিংয়ের পরিমাণ আপনার অনুদান থেকে সীমায়িত করা হবে। বছরে অন্তত একবার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার অনুদান সীমাবদ্ধ পরিমাণের (গুলির) সাথে আপনার শক্তির বিল(গুলি) তুলনা করবে। যদি মোট বিলের পরিমাণ আপনার অনুদানের থেকে সীমায়িত করা পরিমাণের চেয়ে কম হয় তাহলে স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনাকে টাকার যে পার্থক্য সেটি নগদে প্রদান করতে পারে। যদি বিল করা পরিমাণটি আপনার অনুদানের থেকে সীমায়িত করা পরিমাণের চেয়ে বেশি হয় তাহলে পার্থক্যটি আপনার ভবিষ্যতের অস্থায়ী সহায়তা অনুদান থেকে পুনরুদ্ধার করা হবে।

যখন আপনার অস্থায়ী সহায়তা অনুদান আপনার পাওনা বিলের চেয়ে কম হবে তখন আপনার স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ আপনার পেমেন্ট সীমায়িত করতে অস্বীকার করতে পারে।

আপনার অস্থায়ী সহায়তা পারিবারিক সহায়তা প্রোগ্রাম থেকে না পেলেও আপনি সীমাবদ্ধ অর্থ প্রদানের সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন।

## 12. যদি সন্দেহ হয় যে আপনি প্রতারণা করছেন, সেই ক্ষেত্রে আপনার অধিকার

আপনি যদি জানতে পারেন যে আপনার বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে, কারণ আপনার কর্মী মনে করেন আপনি আপনার কেস সম্পর্কে সত্য কথা জানাননি, তাহলে আপনি একজন আইনজীবীর সাথে কথা বলুন। যদি আপনাকে কোনো ফৌজদারী আদালতে ওয়েলফেয়ার বিষয়ক প্রতারণার জন্য অভিযুক্ত করা হয়, আপনি যদি যোগ্য হন তবে আদালত আপনার প্রতিনিধিত্ব করার জন্য বিনা খরচে একজন আইনজীবী নিয়োগ দিবেন।



### 13. ভোট দিতে নিবন্ধন করার জন্য আপনার অধিকার

কোন ব্যক্তি যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে ইচ্ছুক থাকেন, তাহলে তারা সহায়তার জন্য আবেদন করছেন কিনা তা অগ্রাহ্য করে, এই বইতে বর্ণিত সুবিধাগুলির জন্য আবেদন গ্রহণকারী কোন সরকারী অফিসে ভোটার নিবন্ধন ফর্ম পূরণ করতে ভোটার নিবন্ধন ফর্ম এবং সহায়তা পেতে পারেন। সেই অফিসটি একটি সম্পূর্ণ ভোটার নিবন্ধন ফর্ম গ্রহণ করবে এবং এটি স্থানীয় নির্বাচন বোর্ডের কাছে তা পাঠাবে। আরও তথ্যের জন্য, আপনি নিউ ইয়র্ক স্টেট বোর্ড অফ ইলেকশনস (New York State Board of Elections)-এ 1-800-FORVOTE (367-8683) এ যোগাযোগ করতে পারেন।

### 14. বিশ্বাস ভিত্তিক পরিষেবার সরবরাহকারীদের সম্পর্কে আপনার অধিকারগুলি

যদি প্রদত্ত কোনও পরিষেবা এবং সুবিধাগুলি কোনও ধর্মীয় সংস্থার মাধ্যমে সরবরাহ করা হয় তাহলে আপনার একজন আলাদা সরবরাহকারীর কাছ থেকে অনুরূপ মূল্যের পরিষেবাগুলি পাওয়ার অধিকার রয়েছে।

## আপনার দায়িত্বসমূহ

### 1. সাধারণ দায়িত্বগুলি

আপনি যদি অস্থায়ী সহায়তা, চিকিৎসাগত সহায়তা, খাদ্যের স্ট্যাম্পের সুবিধা, পরিষেবা, শিশু পরিচর্যার সুবিধা বা অন্যান্য সহায়তার জন্য আবেদন করেন বা পান তাহলে আপনাকে অবশ্যই:

- সমস্ত প্রশ্নের সম্পূর্ণভাবে এবং সততার সাথে উত্তর দিতে হবে। মিথ্যা উত্তরের ফলে বেসামরিক বা অপরাধমূলক শাস্তি সহ জরিমানা হতে পারে;
- সাক্ষাৎকার দিতে হবে। আপনি যদি আপনার কর্মীকে কেন না বলে কোনও সাক্ষাৎকার মিস করেন তাহলে আপনার আবেদন প্রত্যাহ্যান করা হতে পারে বা আপনার কেসটি বন্ধ করা হতে পারে। আপনি যদি কোনও সাক্ষাৎকার মিস করেন এবং পুনরায় একটি নির্ধারণ করতে চান তাহলে আপনার কর্মীকে বলা আপনার দায়িত্ব।
  - খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির জন্য, খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি হারানো এড়াতে আপনি আবেদন করার তারিখের 30<sup>তম</sup> দিনের আগে একটি মিস করা সাক্ষাৎকার পুনরায় নির্ধারণ করুন।
  - শিশু পরিচর্যার সুবিধার জন্য, আপনি যদি শুধুমাত্র শিশু পরিচর্যার সুবিধার জন্য আবেদন করেন তাহলে আপনি মেইলের মাধ্যমে আবেদন করতে পারেন। আপনি যা মেইল করেছেন তার ভিত্তিতে যদি আপনার কর্মী আপনার যোগ্যতা নির্ধারণ করতে না পারেন তাহলে আপনাকে একটি সাক্ষাৎকারের জন্য আসতে বলা হতে পারে।
  - চিকিৎসাগত সহায়তার জন্য, আপনার বা আপনার প্রতিনিধির সাথে একটি ব্যক্তিগত সাক্ষাৎকার নেওয়া হয়। আপনি যদি দীর্ঘমেয়াদী পরিচর্যার জন্য আবেদন না করেন তাহলে আপনার কোনও সুবিধাপ্রাপ্ত তালিকাভুক্তকারী দ্বারা সাক্ষাৎকার নেওয়া হতে পারে।
- আপনি সাহায্য পেতে পারেন কিনা তা জানার জন্য আপনার কর্মীকে কাগজপত্র এবং প্রয়োজনীয় তথ্য দিন। আপনি যদি এই কাগজপত্র এবং তথ্যগুলি পেতে না পারেন, তাহলে আপনার কর্মীকে অবশ্যই আপনাকে সাহায্য করার চেষ্টা করতে হবে;
- আপনি যদি কাজ করতে সক্ষম হন, এবং অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন, তবে আপনাকে অবশ্যই আপনাকে দেওয়া যে কোনও কাজ গ্রহণ করতে হবে যা আপনি করতে সক্ষম, যদি এটি আপনাকে অস্থায়ী সহায়তার চেয়ে কম অর্থ প্রদান করে তবুও। অস্থায়ী সহায়তা আপনাকে একটি পরিপূরক অনুদান প্রদান করবে যদি আপনার তা প্রয়োজন হয়।
- আপনি যদি একজন অ-আইনগত দায়িত্বশীল তত্ত্বাবধায়ক আত্মীয় হন যিনি নাবালক শিশুদের জন্য অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন এবং নিজে অস্থায়ী সহায়তা গ্রহণ না করেন, তাহলে আপনাকে অবশ্যই কিছু নির্দিষ্ট ব্যক্তিগত তথ্য সরবরাহ করতে হবে যা ফেডারেল সরকারের দ্বারা আমাদের সংগ্রহ এবং প্রতিবেদন করা প্রয়োজন।
- অস্থায়ী সহায়তার জন্য আবেদনকারী বা প্রাপ্ত নাবালক শিশুদের যদি আবেদন না করা বা অ-প্রাপক ভাই বা বোন থাকে যারা একই পরিবারে বসবাসকারী নাবালক শিশু, তাহলে আপনাকে অবশ্যই আবেদন না করা বা অ-প্রাপক শিশুদের সম্পর্কে কিছু নির্দিষ্ট তথ্য সরবরাহ করতে হবে যা ফেডারেল সরকারের দ্বারা আমাদের সংগ্রহ এবং প্রতিবেদন করা প্রয়োজন।
- আপনাকে অবশ্যই অস্থায়ী সহায়তার জন্য আপনার প্রয়োজনীয়তা হ্রাস এবং/অথবা দূর করবে এমন কোনও সুবিধার জন্য আবেদন করতে হবে এবং অনুসরণ করতে হবে।

### 2. সত্য এবং সঠিক তথ্য প্রদান করার দায়িত্ব

আপনি যখন সাহায্যের জন্য আবেদন করছেন বা পাচ্ছেন, অথবা যখন আপনি একজন অ-আইনগত দায়িত্বশীল তত্ত্বাবধায়ক আত্মীয় হন যিনি নাবালক শিশুদের জন্য অস্থায়ী সহায়তার জন্য আবেদন করেন বা পান এবং নিজের জন্য আবেদন করেন না বা সাহায্য না পান, তখন আপনাকে কিছু নির্দিষ্ট জিনিসের প্রমাণ সরবরাহ করতে বলা হবে যেমন যেগুলি "আপনার দায়িত্ব", ধারা 3, "প্রমাণ প্রদানের দায়িত্ব"-এর মধ্যে তালিকাভুক্ত।

আপনি যদি অস্থায়ী সহায়তা বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধার জন্য আবেদন করেন বা পান, এবং আপনি বা আপনার ক্ষেত্রে অন্য কেউ অর্থ, সম্পত্তি বা সংস্থান সম্পর্কে মিথ্যা বলার বা গোপন করার কারণে দোষী সাব্যস্ত হন তাহলে আপনি আপনার অস্থায়ী সহায়তা বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি হারাতে পারেন। এটিকে বলা হয় **ইচ্ছাকৃতভাবে প্রোগ্রামের লঙ্ঘন (IPV)**।

যদি দেখা যায় যে আপনি আদালত বা রাজ্যের প্রশাসনিক শুনানি দ্বারা IPV করেছেন, তাহলে আপনাকে "অযোগ্য" করা হবে। এর অর্থ হল যে আপনি একটি নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী সহায়তা বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পেতে পারবেন না। আপনি অস্থায়ী সহায়তা বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পান কিনা এবং আপনি এর আগে IPV-এর জন্য দোষী সাব্যস্ত হয়েছেন কিনা এবং লঙ্ঘনের আর্থিক পরিমাণের উপর সময়ের দৈর্ঘ্য নির্ভর করবে।

আপনার সহায়তা হারানো ছাড়া, যদি দেখা যায় যে আপনি একটি IPV করেছেন, তাহলে আপনাকে আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগকে অর্থ বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি ফেরত দিতে হবে যা আপনার পাওয়া উচিত ছিল না।

আপনাকে হয় অর্থ অথবা ফুড স্ট্যাম্পের সুবিধাগুলি ফেরত দিতে হবে অথবা যখন আপনি আবার আপনার সুবিধাগুলি পেতে শুরু করবেন, তখন আপনার পাওনা ফেরত না দেওয়া পর্যন্ত সেগুলি হ্রাস করা হবে। আপনি যদি অন্য ব্যক্তিদের সাথে থাকেন এবং আপনি অযোগ্য থাকাকালীন অন্যান্য ব্যক্তির সুবিধা পেতে থাকেন তাহলে সেই অন্যান্য ব্যক্তিরও কম সুবিধা পেতে পারেন।

আপনি অস্থায়ী সহায়তা পেতে অযোগ্য হলে, আপনার খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির যোগ্যতা পর্যালোচনা করা হবে আপনি অব্যাহত খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করতে। আপনি অব্যাহত চিকিৎসাগত সহায়তার জন্য যোগ্য কিনা তা নির্ধারণ করার জন্য আপনার চিকিৎসাগত সহায়তার যোগ্যতা পর্যালোচনা করা হতে পারে।

যদি আপনি একই সময়ে দুটি বা ততোধিক রাজ্য থেকে অস্থায়ী সহায়তা বা খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পাওয়ার জন্য আপনার বাসস্থান সম্পর্কে একটি প্রতারণামূলক বিবৃতি বা প্রতিনিধিত্ব করার জন্য ফেডারেল বা রাজ্যের আদালতে দোষী সাব্যস্ত হন তাহলে আপনি দশ বছরের জন্য অযোগ্য হবেন।

আপনি যদি শিশু পরিচর্যার সুবিধার জন্য আবেদন করার সময় বা পাওয়ার সময় সত্য এবং সঠিক তথ্য সরবরাহ না করেন তাহলে আপনাকে যে কোনও সুবিধা ফেরত দিতে হবে যার জন্য আপনি যোগ্য ছিলেন না। আপনি যদি জালিয়াতির জন্য দোষী সাব্যস্ত হন তাহলে অতিরিক্ত জরিমানা প্রযোজ্য হতে পারে।

আপনি যদি শিশু পরিচর্যার সহায়তা পান বা শিশু পরিচর্যার সহায়তা পান এবং আপনার মামলা বন্ধ হয়ে যায়, এবং আপনি দোষী সাব্যস্ত হন, বা স্বেচ্ছায় স্বীকার করেন যে জালিয়াতি করে শিশু পরিচর্যার সহায়তা গ্রহণ করেছেন, তাহলে আপনার শিশু পরিচর্যার পরিষেবাগুলি স্থগিত বা সমাপ্ত করা হবে এবং নীচে তালিকাভুক্ত ইচ্ছাকৃতভাবে প্রোগ্রাম লঙ্ঘনের জন্য প্রতিষ্ঠিত সময়কাল দ্বারা নির্ধারিত সময়ের জন্য পরবর্তী শিশু পরিচর্যার পরিষেবাগুলির জন্য যোগ্য হবেন না।

#### **অস্থায়ী সহায়তার জন্য ইচ্ছাকৃতভাবে প্রোগ্রাম লঙ্ঘন (IVP)-এর জরিমানা:**

আপনি যদি একটি অস্থায়ী সহায়তার IVP করে থাকেন তাহলে আপনি নিম্নরূপ অস্থায়ী সহায়তা পেতে সক্ষম হবেন না:

- 6 মাসের অযোগ্যতা যদি এটি
- আপনার প্রথম IVP হয়, এবং
  - IVP 1,000 মার্কিন ডলারের কম হয়
- 12 মাসের অযোগ্যতা যদি এটি
  - আপনার দ্বিতীয় IVP হয়, অথবা
  - IVP 1,000 থেকে 3,900 মার্কিন ডলারের মধ্যে হয়
- 18 মাসের অযোগ্যতা যদি এটি
  - আপনার তৃতীয় IVP হয়, অথবা
  - IVP 3,900 মার্কিন ডলারের চেয়ে বেশি হয়
- 5 বছরের অযোগ্যতা যদি এটি আপনার চতুর্থ বা পরবর্তী অপরাধ হয়

যে কোনও ব্যক্তি যিনি একাধিক অস্থায়ী সহায়তার সুবিধাগুলি পাওয়ার জন্য সে/তিনি কে বা সে/তিনি কোথায় থাকেন সেই সম্পর্কে মিথ্যা বিবৃতি দেন তিনি দশ বছরের জন্য অস্থায়ী সহায়তা পেতে সক্ষম হবে না।

যে কোনও ব্যক্তি যিনি অপরাধের জন্য মামলা, হেফাজত বা কারাবাস এড়াতে পালিয়ে যাচ্ছেন, অথবা যে প্রবেশন বা প্যারোলের শর্ত লঙ্ঘন করছেন, তিনি অস্থায়ী সহায়তা পাওয়ার যোগ্য নয়।

#### **ইচ্ছাকৃতভাবে প্রোগ্রাম লঙ্ঘনের (IVP) চিকিৎসাগত সহায়তার জন্য জরিমানা:**

চিকিৎসাগত সহায়তার নিজস্ব IVP নেই। IVP-এর কারণে অস্থায়ী সহায়তার থেকে অযোগ্য একক ব্যক্তি এবং নিঃসন্তান দম্পতিরও মেডিকেলের জন্য অযোগ্য। TA IVP-এর জন্য অযোগ্য অন্য সমস্ত আবেদনকারী/প্রাপকদের পৃথকভাবে তাদের চিকিৎসাগত সহায়তার যোগ্যতা নির্ধারণ করা হবে।

#### **খাদ্যের স্ট্যাম্পের প্রোগ্রামের জন্য ইচ্ছাকৃতভাবে প্রোগ্রাম লঙ্ঘনের (IVP) জরিমানা:**

আপনি যদি কোনও খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির প্রোগ্রামের IVP করে থাকেন, তাহলে আপনি নিম্নরূপ খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পেতে পারবেন না:

- এক বছরের অযোগ্যতা যদি এটি
  - প্রথম IVP হয়
- দুই বছরের অযোগ্যতা যদি এটি
  - দ্বিতীয় IVP হয়
- স্থায়ী অযোগ্যতা যদি এটি
  - তৃতীয় IVP হয়।
- একটি আদালত, কিছু ক্ষেত্রে, একজন ব্যক্তিকে আরও 18 মাসের জন্য খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পেতে বাধা দিতেও পারে।

খাদ্যের স্ট্যাম্পের সুবিধার বিনিময়ে **আগ্নেয়ান্ন, গোলাবারুদ বা বিস্ফোরক** বিক্রি করার বা পাওয়ার আদালতের আইনে কেউ দোষী সাব্যস্ত হন আর তাহলে তিনি আর কখনও খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পেতে পারবেন না।

খাদ্যের স্ট্যাম্পের সুবিধার বিনিময়ে **নিয়ন্ত্রিত পদার্থ** (অবৈধ ওষুধ বা কিছু ওষুধ যার জন্য ডাক্তারের প্রেসক্রিপশনের প্রয়োজন) ক্রয় বা বিক্রির আলাদাতের আইনে কেউ দোষী সাব্যস্ত হন তিনি প্রথম অপরাধের জন্য 2 বছরের জন্য এবং দ্বিতীয় অপরাধের জন্য স্থায়ীভাবে খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পেতে পারবেন না।

500 মার্কিন ডলার বা তার বেশি মূল্যের খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পাচারের আদালিতের আইনে দোষী সাব্যস্ত হওয়া কোনও ব্যক্তি আর কখনও খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পেতে পারবেন না। পাচারের মধ্যে রয়েছে খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির, অনুমোদনের কার্ড বা অ্যাক্সেস ডিভাইসের অবৈধ ব্যবহার, স্থানান্তর, অধিগ্রহণ, পরিবর্তন, বা দখল।

যে কোনও ব্যক্তি যিনি একাধিক খাদ্যের স্ট্যাম্পের সুবিধা পাওয়ার জন্য সে/তিনি কে বা সে/তিনি কোথায় থাকেন সে সম্পর্কে মিথ্যা বিবৃতি দেন তিনি দশ বছরের জন্য খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পেতে সক্ষম হবেন না।

যে কোনও ব্যক্তি যিনি অপরাধের জন্য মামলা, হেফাজত বা কারাবাস এড়াতে পালিয়ে যাচ্ছেন, অথবা যিনি প্রোবেশন বা প্যারোলের শর্ত লঙ্ঘন করছেন, তিনি খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি পাওয়ার যোগ্য নন।

### 3. প্রমাণ সরবরাহের দায়িত্ব

আপনি যখন আবেদন করছেন বা সহায়তা পাচ্ছেন, তখন নীচে তালিকাভুক্ত করা কিছু বিষয়ের মতো নির্দিষ্ট কিছু জিনিসের প্রমাণ প্রদান করতে বলা হতে পারে। আপনার কর্মী আপনাকে বলে দেবেন এর মধ্যে কোন জিনিসগুলি আপনাকে **অবশ্যই** প্রমাণ করতে হবে। প্রত্যেক কর্মসূচির জন্য এই সব জিনিসগুলি আবশ্যিক নয়। হতে পারে আপনাকে একটি কর্মসূচির জন্য কিছু জিনিস প্রমাণ করতে হলে এবং অন্য কর্মসূচির জন্য সেটি প্রয়োজন হলে না। আপনি যখন প্রথম সহায়তার জন্য আবেদন করতে আসছেন তখন যদি আপনি প্রমাণ নিয়ে আসেন, তাহলে আপনি তাড়াতাড়ি সাহায্য পেতে পারেন।

আপনি যদি আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগে ডকুমেন্টেশন রেখে যান তাহলে আপনি কী ডকুমেন্টেশন রেখে গেছেন তা প্রমাণ করার জন্য আপনার একটি রসিদ চাওয়া উচিত। রসিদে আপনার নাম, নির্দিষ্ট ডকুমেন্টেশন যা আপনি রেখে গেছেন, সময়, তারিখ, জেলার নাম এবং রসিদ প্রদানকারী সামাজিক পরিষেবার কর্মীর নাম থাকা উচিত।

যে প্রমাণগুলি প্রয়োজন, সেগুলি যদি জোগাড় করতে না পারেন তাহলে আপনার কর্মীকে বলুন আপনাকে সাহায্য করতে। আপনার স্থানীয় পরিষেবা বিভাগের কাছে যদি ইতিমধ্যেই যা পরিবর্তন হয় না তার প্রমাণ থাকে, যেমন আপনার সোশাল সিকিউরিটি নম্বর, তাহলে আপনাকে আবার তা প্রমাণ করতে হবে না।

দ্রষ্টব্য: সবচেয়ে সাধারণ যে ডকুমেন্টগুলি ব্যবহার করা হয় তা তালিকাভুক্ত; তালিকাটি সম্পূর্ণ নয়। অন্যান্য ডকুমেন্ট রয়েছে যা ব্যবহার করা যেতে পারে।

#### আপনাকে কি প্রমাণ করতে বলা হতে পারে

- **আপনি কে** ফটো আইডি, ড্রাইভিং লাইসেন্স, মার্কিন পাসপোর্ট
- **প্রতিটি আবেদনকারী ব্যক্তির বয়স পরিবারের সদস্য** জন্ম বা বাপ্তিস্ম শংসাপত্র, হাসপাতালের রেকর্ড, ড্রাইভিং লাইসেন্স
- **আপনি যেখানে থাকেন** বর্তমান ভাড়ার রসিদ, বন্ধকীর রেকর্ড, অনাক্সিয় বাড়িওয়ালার থেকে বিবৃতি
- **আশ্রয়ের ব্যয়** বর্তমান ভাড়ার রসিদ, বর্তমান ইজারা, বন্ধকীর রেকর্ড, সম্পত্তি এবং স্কুলের ট্যাক্স রেকর্ড, নিকাশি এবং জলের বিল, জ্বালানির বিল, ইউটিলিটি
- **সোশাল সিকিউরিটি নম্বর** সোশাল সিকিউরিটির কার্ড বা প্রমাণ যে আপনি সোশাল সিকিউরিটি নম্বরের জন্য আবেদন করেছেন আপনার পরিবারের প্রত্যেকের জন্য যারা সাহায্যের জন্য আবেদন করছেন।

দ্রষ্টব্য: **অস্থায়ী সহায়তা, খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলি এবং চিকিৎসাগত সহায়তার প্রোগ্রামের জন্য**, যদি আমরা আপনার সামাজিক সুরক্ষা নম্বর চাই, তাহলে আপনাকে অবশ্যই আমাদের নম্বরটি সরবরাহ করতে হবে যদি আপনার কাছে একটি থাকে। যদি আমরা সামাজিক সুরক্ষা প্রশাসনের দ্বারা আপনার নম্বর যাচাই করতে না পারি তাহলে আপনাকে আপনার সামাজিক সুরক্ষার নম্বরের প্রমাণ দিতে হবে। আপনার যদি কোনও সামাজিক সুরক্ষার নম্বর না থাকে তবে সুবিধাগুলি পাওয়ার জন্য আপনাকে অবশ্যই একটির জন্য আবেদন করতে হবে।

**পরিষেবার প্রোগ্রামের জন্য**, প্রতিপালন পরিচর্যা, শিশু প্রতিরক্ষামূলক, শিশু প্রতিরোধমূলক, এবং পরামর্শের মতো কিছু পরিষেবাগুলি বিভিন্ন উৎস দ্বারা অর্থায়িত হয়, যাদের মধ্যে অনেকগুলির জন্য সামাজিক সুরক্ষার নম্বর দেওয়া প্রয়োজন। যেহেতু কিছু পরিষেবার আবেদনকারীদের সামাজিক সুরক্ষার নম্বর প্রদান করতে হয় না, তাই আপনি সামাজিক সুরক্ষার নম্বর প্রদান না করলে এই পরিষেবাগুলি নাও পাওয়া যেতে পারে। তারা যে সুবিধাগুলির জন্য যোগ্য হতে পারেন সেই সব সুবিধাগুলি পেতে তাদের সহায়তা করতে, আমরা, এই জন্য এই পরিষেবাগুলির জন্য সকল আবেদনকারীকে একটি সামাজিক সুরক্ষার নম্বরের জন্য অনুরোধ করি।

- **নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি** জন্ম শংসাপত্র, মার্কিন পাসপোর্ট, সাময়িক পরিষেবার রেকর্ড, প্রাকৃতিককরণ শংসাপত্র, এবং মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবার ডকুমেন্টেশন।

**দ্রষ্টব্য:** ফুড স্ট্যাম্প বেনিফিট প্রোগ্রামের জন্য, নাগরিকত্ব কেবল তখনই নথিভুক্ত করতে হবে যদি সন্দেহজনক হয়। মার্কিন যুক্তরাষ্ট্রে অবৈধভাবে থাকার জন্য নির্বাসনের চূড়ান্ত আদেশের মত ইমিগ্রেশন অ্যান্ড ন্যাচারলাইজেশন সার্ভিস (Immigration and Naturalization Service) বা ইমিগ্রেশন রিভিউয়ের নির্বাহী অফিস (Executive Office of Immigration Review) দ্বারা নির্ধারিত কোনও বিদেশীর সম্পর্কে তার নাম এবং ঠিকানা এবং অন্যান্য সনাক্তকরণ তথ্য সামাজিক পরিষেবার জেলার স্থানীয় বিভাগকে অবশ্যই রিপোর্ট করতে হবে। এই তথ্য হোমল্যান্ড সিকিউরিটির বিভাগের (Department of Homeland Security) সাথে শেয়ার করা যেতে পারে। এটি চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করে না।

পরিষেবার প্রোগ্রামের জন্য, কিছু পরিষেবা কেবলমাত্র সঠিক অভিবাসনের স্থিতিযুক্ত ব্যক্তিদের জন্য উপলব্ধ। আমরা অতএব সমস্ত আবেদনকারীদের অভিবাসনের স্ট্যাটাসের জন্য অনুরোধ করছি যাতে আবেদনকারীরা যে পরিষেবাগুলির জন্য যোগ্য হতে পারেন তা নির্ধারণ করার জন্য।

শিশু পরিচর্যার সুবিধাগুলির জন্য, আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে যে কোনও শিশু যে শিশু পরিচর্যার সুবিধা পাচ্ছে সে আইনত মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছে।

**দ্রষ্টব্য:** চিকিৎসাগত সহায়তার প্রোগ্রামের জন্য, পরিচয় এবং নাগরিকত্ব বা সন্তোষজনক অভিবাসনের অবস্থা ডকুমেন্ট করতে হবে। একজন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হিসাবে যোগ্যতা অর্জনের উদ্দেশ্যে, মার্কিন যুক্তরাষ্ট্রে 50টি রাজ্য, কলম্বিয়া জেলা, পুয়ের্তো রিকো, গুয়াম, মার্কিন ভার্জিন আইল্যান্ডস এবং উত্তর মারিয়ানা আইল্যান্ডস অন্তর্ভুক্ত। আমেরিকা সামোয়া বা সোয়েনস দ্বীপের নাগরিকদেরও মেডিকেলের উদ্দেশ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হিসাবে গণ্য করা হয়।

নাগরিকত্ব এবং পরিচয় উভয়ই প্রতিষ্ঠা করে এমন ডকুমেন্টগুলি

- মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট;
- প্রাকৃতিকীকরণের শংসাপত্র (N-550 বা N-570);
- মার্কিন নাগরিকত্বের শংসাপত্র (N-560 বা N-561)।

যে ডকুমেন্টগুলি নাগরিকত্ব প্রতিষ্ঠা করে কিন্তু যেগুলির পরিচয়ের ডকুমেন্টেশনের তালিকা থেকে একটি পরিচয়ের ডকুমেন্টও প্রয়োজন হয়

- মার্কিন যুক্তরাষ্ট্রীয় জন্মের শংসাপত্র জন্ম দেখাচ্ছে এর মধ্যে: 50টি মার্কিন রাষ্ট্রের মধ্যে একটি, কলম্বিয়া জেলা, আমেরিকান সামোয়া, সোয়েনস আইল্যান্ড, পুয়ের্তো রিকো (যদি 1/13/1941 বা তার পরে জন্মগ্রহণ করেন), মার্কিন যুক্তরাষ্ট্রের ভার্জিন দ্বীপপুঞ্জ (1/17/1917 বা তার পরে), উত্তর মারিয়ানা দ্বীপপুঞ্জ (11/4/1986 এর পরে (NMI স্থানীয় সময়), অথবা গুয়াম (4/10/1899-এ বা পরে);
- জন্মের রিপোর্টের শংসাপত্র (DS-1350);
- একজন মার্কিন নাগরিকের বিদেশে জন্মের একটি রিপোর্ট (FS-240);
- ডিপার্টমেন্ট অফ স্টেট (FS-545 বা DS-1350 ফর্মগুলি) দ্বারা জারি করা জন্মের শংসাপত্র;
- মার্কিন নাগরিকত্বের সনাক্তকরণের কার্ড (I-197 বা I-179);
- আমেরিকান ইন্ডিয়ান কার্ড (I-872);
- নর্দার্ন মারিয়ানা কার্ড (I-873);
- মার্কিন সরকার দ্বারা সিভিল সার্ভিসের কর্মসংস্থানের প্রমাণ (6/1/1976 -এর আগে);
- পরিষেবার সরকারী সামরিক রেকর্ড;
- সর্বশেষ গ্রহণের ডিক্রি;
- ফেডারেল বা রাজ্যের জনগণনার রেকর্ড; বা
- নিম্নলিখিত ডকুমেন্টগুলি গ্রহণযোগ্য হয় যদি সেগুলি কোনও মার্কিন জন্মস্থানের নির্দেশ করে এবং আবেদনের তারিখের কমপক্ষে 5 বছর আগে তৈরি করা হয়:
- হাসপাতালের লেটারহেডে হাসপাতালের রেকর্ডের নির্যাস;
- জীবন বা স্বাস্থ্যের বা অন্যান্য বীমার রেকর্ড;
- নার্সিং ফ্যাসিলিটি, দক্ষ পরিচর্যার ফ্যাসিলিটি বা অন্যান্য প্রতিষ্ঠান থেকে প্রাতিষ্ঠানিক ভর্তির কাগজপত্র; বা
- মেডিকেল (ক্লিনিক, ডাক্তার, বা হাসপাতালের) রেকর্ড;

- অন্যান্য ডকুমেন্টগুলি: নিম্নলিখিতগুলির মধ্যে একটি এবং অবশ্যই একটি মার্কিন জন্মস্থান দেখাতে হবে:
  - সেনেকা ইন্ডিয়ান উপজাতীয় জনগণনার রেকর্ড;
  - ইন্ডিয়ান বিষয়ের ব্যুরো নাভাজো ইন্ডিয়ানদের উপজাতীয় জনগণনার রেকর্ড;
  - মার্কিন যুক্তরাষ্ট্রের রাজ্যের গুরুত্বপূর্ণ পরিসংখ্যানের জন্ম নিবন্ধনের সরকারী বিজ্ঞপ্তি;
  - মার্কিন জনসাধারণের জন্মের রেকর্ড যা ব্যক্তির জন্মের 5 বছরেরও বেশি সময় পরে সংশোধন করা হয়; অথবা জন্মের সময় উপস্থিত চিকিৎসক বা ধাত্রী দ্বারা স্বাক্ষরিত বিবৃতি।
  - লিখিত শপথপত্র (শুধুমাত্র বিরল ক্ষেত্রে ব্যবহার করা হবে)।

#### **পরিচয় স্থাপনকারী ডকুমেন্টগুলি**

- ইন্ডিয়ান রক্তের ডিগ্রির শংসাপত্র, বা অন্যান্য মার্কিন আমেরিকান ইন্ডিয়ান / আলাস্কার নেটিভের উপজাতীয় ডকুমেন্ট।
- ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্টের (Immigration and Nationality Act, INA) ধারা 274A(b)(1)(D)-তে বর্ণিত যে কোনও পরিচয়ের নথি, যেমন:
  - নাম, বয়স, লিঙ্গ, জাতি, উচ্চতা, ওজন বা চোখের রঙের মতো ব্যক্তির তথ্য বা ব্যক্তির একটি ছবি সহ রাজ্য বা অঞ্চল দ্বারা জারি করা একটি বৈধ ড্রাইভিং লাইসেন্স;
  - ব্যক্তির ছবি সহ স্কুল সনাক্তকরণ কার্ড;
  - মার্কিন সামরিক কার্ড বা ড্রাফট রেকর্ড;
  - ড্রাইভিং লাইসেন্সে অন্তর্ভুক্ত একই তথ্য সহ ফেডারেল, রাজ্য বা স্থানীয় সরকার দ্বারা জারি করা সনাক্তকরণ কার্ড;
  - সামরিক নির্ভরশীলের সনাক্তকরণ কার্ড;
  - নেটিভ আমেরিকান ট্রাইবাল ডকুমেন্ট; বা
  - মার্কিন উপকূলরক্ষী বাহিনীর মার্চেন্ট মেরিনার কার্ড।

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (Personal Protective Equipment, NOTE):** 16 বছরের কম বয়সী শিশুদের জন্য, স্কুলের রেকর্ডগুলিতে নার্সারি বা ডেকেয়ারের রেকর্ডসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে। যদি পূর্ববর্তী চার্টগুলিতে উপরের কোনও নথি উপলব্ধ না থাকে, তাহলে একটি শপথপত্র ব্যবহার করা যেতে পারে। একটি শপথপত্র কেবল তখনই গ্রহণযোগ্য যদি এটি সন্তানের জন্মের তারিখ এবং জন্মস্থান উল্লেখ করে কোনও পিতা-মাতা বা অভিভাবক দ্বারা মিথ্যা সাক্ষ্যের জরিমানার অধীনে স্বাক্ষরিত হয় এবং নাগরিকত্বের জন্য শপথপত্র প্রদান করা হয়ে থাকলে তা ব্যবহার করা যাবে না।

#### **প্রমাণ যা সম্মিলিতভাবে প্রাকৃতিক ব্যক্তিদের জন্য মার্কিন নাগরিকত্ব প্রতিষ্ঠা করে**

##### **পুয়ের্তো রিকো**

- 4/11/1899 বা তার পরে পুয়ের্তো রিকোতে জন্মের প্রমাণ এবং আবেদনকারীর বিবৃতি যে তিনি 1/13/1941 তারিখে মার্কিন দখল বা পুয়ের্তো রিকোতে বসবাস করছিলেন; বা
- প্রমাণ যে আবেদনকারী/প্রাপক একজন পুয়ের্তো রিকান নাগরিক এবং আবেদনকারী/প্রাপকের বিবৃতি যে তিনি 3/1/1917 তারিখে পুয়ের্তো রিকোয় বসবাস করছিলেন এবং তিনি স্পেনের প্রতি আনুগত্যের শপথ নেননি।

##### **মার্কিন ভার্জিন আইল্যান্ডস**

- মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জ জন্মের প্রমাণ, এবং 2/25/1927 তারিখে আবেদনকারী/প্রাপকের মার্কিন যুক্তরাষ্ট্রে, একটি মার্কিন দখল বা মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জে বাস করার বিবৃতি;
- 1/17/1917 তারিখে আবেদনকারী/প্রাপকের একজন ডেনমার্কের নাগরিক হিসেবে মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জে বসবাস করা, 2/25/1927 তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে, একটি মার্কিন দখল বা মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জের নাগরিক ও বাসিন্দা, এবং তিনি ডেনমার্কের নাগরিকত্ব বজায় রাখার জন্য কোনও ঘোষণা করেননি তার ইঙ্গিত দিয়ে বিবৃতি; বা
- মার্কিন ভার্জিন দ্বীপপুঞ্জ জন্মের প্রমাণ এবং 6/28/1932 তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে, একটি মার্কিন দখল বা অঞ্চল বা ক্যানাল জোনে বাসস্থান নির্দেশ করে আবেদনকারী/প্রাপকের বিবৃতি।

**উত্তর মারিয়ানা দ্বীপপুঞ্জ (Northern Mariana Islands, NMI) (পূর্বে প্রশান্ত মহাসাগরীয় দ্বীপের ট্রাস্ট টেরিটোরির (Trust Territory of the Pacific Island, TTPI) অংশ ছিল)**

- NMI-এ জন্মের প্রমাণ, TTPI নাগরিকত্ব এবং NMI, 11/3/1986 তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে, বা একটি মার্কিন অঞ্চল বা দখলে (NMI স্থানীয় সময়) বাসস্থান এবং আবেদনকারী/প্রাপকের বিবৃতি যে তিনি 11/4/1986 তারিখে (NMI স্থানীয় সময়) একটি বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্যের খণী ছিলেন না;
- TTPI নাগরিকত্বের প্রমাণ, 11/3/1981 তারিখের (NMI স্থানীয় সময়) এর আগে থেকে NMI-এ একটানা বাসস্থান, 1/1/1975 তারিখের আগে ভোটার নিবন্ধন এবং আবেদনকারী/প্রাপকের বিবৃতি যে তিনি 11/4/1986 তারিখে (NMI স্থানীয় সময়) কোনও বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্যের খণী ছিলেন না; বা
- 1/1/1974 এর আগে থেকে NMI-এ একটানা বাসবাসের প্রমাণ এবং আবেদনকারী/প্রাপকের বিবৃতি যে তিনি 11/4/1986 তারিখে (NMI স্থানীয় সময়) কোনও বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্যের খণী ছিলেন না।

**দ্রষ্টব্য:** যদি একজন ব্যক্তি একজন ননইমিগ্র্যান্ট হিসেবে NMI-এ প্রবেশ করে থাকেন এবং 1/1/1974 তারিখ থেকে NMI-এ বাসবাস করে থাকেন, তাহলে এটি একটানা বাসস্থান হয় না এবং সেই ব্যক্তি মার্কিন নাগরিক নন।

**অভিবাসী স্থিতি**

- নিম্নলিখিতগুলি সবচেয়ে সাধারণ মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবাদি (United States Citizenship and Immigration Services, USCIS) ফর্ম:
  - I-551 রেসিডেন্ট এলিয়েন কার্ড;
  - I-94 আগমন-প্রস্থান রেকর্ড;
  - I-688B বা I-766 কর্মসংস্থান অনুমোদন কার্ড;
- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবাদি (USCIS) ফর্ম I-797-পদক্ষেপের বিজ্ঞপ্তি; বা
- 1972 সালের আগে একটানা মার্কিন যুক্তরাষ্ট্রের বাসস্থানের প্রমাণ।

**দ্রষ্টব্য:** আপনি যদি শুধুমাত্র চিকিৎসাগত সহায়তা (Medical Assistance)-এর জন্য আবেদন করছেন, তাহলে আপনাকে আপনার নাগরিকত্ব বা অভিবাসনের স্থিতি সম্পর্কে আমাদের জানাতে হবে না, যদি আপনি এর মধ্যে কোনও হন:

- গর্ভবতী; বা
- একজন নথিবিহীন অভিবাসী যিনি জরুরী চিকিৎসাগত অবস্থার কারণে চিকিৎসাগত সহায়তা কভারেজের জন্য আবেদন করছেন। (নাগরিকত্ব বা অভিবাসন স্থিতি সম্পর্কে আরও তথ্যের জন্য বই 2, LDSS-4148B-এর চিকিৎসাগত সহায়তা বিভাগটি দেখুন)।

• **আপনি ড্রাগ / অ্যালকোহল নির্ভরশীল কিনা**

অ্যালকোহল/ড্রাগ স্ক্রিনিং মূল্যায়ন যার মধ্যে একটি ড্রাগ পরীক্ষা অন্তর্ভুক্ত থাকতে পারে। এটি অনেক চিকিৎসাগত সহায়তা আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়, বা এটি ফ্যামিলি হেলথ প্লাস (Family Health Plus), প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য মেডিকেল বাই-ইন প্রোগ্রাম (Medicaid Buy-in Program), মেডিকেল সেভিংস প্রোগ্রাম (Medicare Savings Program) বা পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রাম (Family Planning Benefit Program)-এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।

• **অর্জিত আয়**

বর্তমান বেতন স্টাব, নিয়োগকর্তার বিবৃতি, করের রেকর্ড, ব্যবসা রুমার বা বোর্ডারের কাছ থেকে থাকার জন্য প্রদত্ত পরিমাণের রেকর্ড, বিবৃতি

• **অনুপার্জিত আয়**

অনুপার্জিত আয়ের উদাহরণগুলি হল:

- শিশু সহায়তা বা ভরণপোষণ
- সোশ্যাল সিকিউরিটির সুবিধা
- যুদ্ধ প্রবীণদের সুবিধা
- বেকারত্ব বীমা সুবিধা
- সুদ এবং লভ্যাংশ
- শিক্ষাগত অনুদান এবং ঋণ
- শ্রমিকের ক্ষতিপূরণ

অনুপার্জিত আয়ের প্রমাণের উদাহরণগুলি হল:

- সহায়তা বা ভরণপোষণ প্রদানকারী ব্যক্তির বিবৃতি
- বর্তমান বেনিফিট চেক বা বর্তমান দানের পত্র
- বর্তমান বেনিফিট চেক, বর্তমান দানের পত্র, অফিসিয়াল চিঠিপত্র
- যুদ্ধ প্রবীণদের প্রশাসন থেকে
- নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor) থেকে অফিসিয়াল চিঠিপত্র
- ব্যাংক, ক্রেডিট ইউনিয়ন বা ব্রোকারের বিবৃতি
- স্কুলের বিবৃতি বা ব্যাংকের বর্তমান দান পত্র থেকে
- বর্তমান দান পত্র বা চেক স্টাব

• সম্পদসমূহ

সংস্থানের উদাহরণগুলি হল:

- ব্যাংক অ্যাকাউন্ট
- চেকিং অ্যাকাউন্ট
- বেরিয়াল ট্রাস্ট বা ফান্ড
- সমাধি প্লট বা চুক্তি
- জীবন বীমা
- এগুলি ছাড়া রিয়েল এস্টেট আপনি কোথায় বসবাস করেন
- মোটর যান
- স্টক এবং বন্ড

সংস্থানের প্রমাণের উদাহরণগুলি হল:

- ব্যাংক বই বা ক্রেডিট ইউনিয়নের বেকর্ড
- ব্যাংক স্টেটমেন্ট
- ব্যাংক স্টেটমেন্ট বা অন্ত্যেষ্টিক্রিয়া চুক্তির অনুলিপি
- কবরস্থান, অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক বা গির্জা থেকে বিবৃতি, অন্ত্যেষ্টিক্রিয়া চুক্তির অনুলিপি
- বীমা পলিসি
- রিয়েল এস্টেট ব্রোকার দ্বারা বর্তমান মূল্যের দলিল, মূল্যায়ন/অনুমান
- নিবন্ধন, টাইটেল, অর্থায়ন সংক্রান্ত তথ্য
- স্টক সার্টিফিকেট, বন্ড

• তাদের স্কুলে উপস্থিতি স্কুলে উপস্থিত হওয়া

স্কুলের বেকর্ড, স্কুল থেকে বিবৃতি

• স্বাস্থ্য বীমা

বীমার পলিসি, বীমার কার্ড, কভারেজ, মেডিকেলের কার্ডের প্রদানকারীর বিবৃতি

• অপরিশোধিত ভাড়া বা ইউটিলিটিসমূহ

প্রত্যেকটি বিলের অনুলিপি, বাড়িওয়ালার বা ইউটিলিটি কোম্পানির বিবৃতি

• পরিশোধিত বা অপরিশোধিত চিকিৎসার বিল

প্রতিটি বিলের অনুলিপি এবং অর্থ প্রদানের প্রমাণ যদি একটি পরিশোধিত বিল হয়

• অহেফাজতি পিতা-মাতা

মৃত্যুর শংসাপত্র, বেঁচে থাকা ব্যক্তির সুবিধা, বিবাহবিচ্ছেদের কাগজপত্র, যুদ্ধ-প্রবীণের সহায়তা বা সামরিক বেকর্ড

• প্রতিবন্ধী/অক্ষম/গর্ভবতী

চিকিৎসা পেশাদারের বিবৃতি, সোশাল সিকিউরিটির প্রমাণ অক্ষমতা বা পরিপূরক নিরাপত্তা আয় (SSI) এর সুবিধা

• অন্যান্য ব্যয়/নির্ভরশীল পরিচর্যার ব্যয়

বাতিল করা চেক বা রসিদ, শিশু পরিচর্যা থেকে বিবৃতি সরবরাহকারী, আদালতের আদেশ, সহায়ক বা পরিচর্যাকারকের বিবৃতি

• চাকরির সন্ধান

চাকরির আবেদন বা জব সার্চ হ্যান্ডবুক সম্পূর্ণ করা

আপনি যদি পরিষেবাদের (ফস্টার কেয়ার ব্যতীত) জন্য শুধুমাত্র আবেদন করেন, তাহলে আপনার নিম্নলিখিত আইটেমগুলির প্রমাণ প্রদান করতে হবে না :

- আশ্রয়ের খরচ
- সম্পদসমূহ
- অপরিশোধিত ভাড়া বা ইউটিলিটিসমূহ
- স্বাস্থ্য বিমা
- পরিশোধিত বা অপরিশোধিত চিকিৎসা বিল
- অন্যান্য/নির্ভরশীলের পরিচর্যার খরচ

আপনি যদি শুধুমাত্র চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করছেন এবং দীর্ঘমেয়াদী যত্ন পরিষেবাগুলির কভারেজ চান, তাহলে আপনার নিজের সংস্থানের প্রমাণ প্রদান করতে হবে। গর্ভবতী মহিলা বা পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রামের জন্য আবেদনকারী ব্যক্তিদের তাদের সংস্থান সম্পর্কে আমাদের জানাতে হবে না। সাধারণত, উনিশ বছর বয়স পর্যন্ত বাচ্চাদের তাদের সংস্থান সম্পর্কে আমাদের জানাতে হয় না।

আপনি যদি দীর্ঘমেয়াদী পরিচর্যার পরিষেবাদের কভারেজ না চান, তাহলে আপনাকে আপনার সংস্থানগুলি সম্পর্কে আমাদের জানাতে হবে, তবে আপনাকে প্রমাণ প্রদান না করে আপনার সংস্থানের পরিমাণের প্রত্যয়ন করার অনুমতি দেওয়া হয়। আপনি যখন আপনার চিকিৎসাগত সহায়তার যোগ্যতার জন্য আবেদন করবেন বা সেটির পুনর্বিবেচনা করবেন, তখন আপনাকে জানানো হবে যে আপনাকে আপনার সংস্থানের প্রমাণ প্রদান করতে হবে কিনা।

4. স্বয়ংক্রিয় ফিঙ্গার ইমেজিং সিস্টেমে (AUTOMATED FINGER IMAGING SYSTEM, AFIS) তালিকাভুক্তির দায়িত্ব

আপনি যদি নিয়মিত বা জরুরী অস্থায়ী সহায়তা (Temporary Assistance) বা ফুড স্ট্যাম্প সুবিধাদি (Food Stamps Benefits)-এর জন্য আবেদন করছেন বা তা গ্রহণ করেন, তাহলে আপনার অবশ্যই স্বয়ংক্রিয় ফিঙ্গার ইমেজিং সিস্টেমে (AFIS) তালিকাভুক্ত হতে হবে যদি আপনি একজন প্রাপ্তবয়স্ক হন (18 বছর বা তার বেশি বয়সী) অথবা আপনি পরিবারের প্রধান হন। চিকিৎসাগত সহায়তা প্রোগ্রামের জন্য, কেবলমাত্র সেই আবেদনকারী/প্রাপক AFIS-এ তালিকাভুক্ত হতে হবে যাদের মেডিকেল অ্যাসিস্ট্যান্স আইডেন্টিফিকেশন কার্ডে অবশ্যই একটি ছবির চিত্র থাকতে হবে। এই প্রয়োজনীয়তা ফ্যামিলি হেলথ প্লাস বা পরিবার পরিকল্পনা সুবিধা প্রোগ্রামের ক্ষেত্রে প্রযোজ্য নয়। সাধারণত, শুধুমাত্র মেডিকেলের জন্য আবেদনকারী এবং প্রাপকদের জন্য, সেই সকল ব্যক্তিদের অবশ্যই AFIS-এ তালিকাভুক্ত হতে হবে যারা 18 বছর বা তার বেশি বয়সী এবং যাদের বেনিফিট কার্ডের জন্য একটি ফটো আইডি প্রয়োজন। তবে, এই নিয়মে নির্দিষ্ট অব্যাহতি রয়েছে, এবং আপনি যে কাউন্টিতে বাস করেন সেই অনুসারে সেগুলি পরিবর্তিত হতে পারে। আপনাকে অবশ্যই ফিঙ্গার-ইমেজিং হতে হবে কিনা সেই বিষয়ে আপনার যদি কোনও প্রশ্ন থাকে যে, তাহলে আপনার কাউন্টির স্থানীয় সামাজিক পরিষেবা বিভাগ (Local Department of Social Services)-এ র অফিসে যোগাযোগ করুন এবং আপনার নির্দিষ্ট পরিস্থিতিতে এই প্রয়োজনীয়তা কীভাবে প্রযোজ্য হতে পারে তা জিজ্ঞাসা করুন।

## 5. পরিবর্তন সম্পর্কে প্রতিবেদনের দায়িত্ব

## পরিবর্তন সম্পর্কে সাধারণ তথ্য

আপনি আপনার আবেদনের উত্তরের জন্য অপেক্ষা করার সময় যদি আপনার পরিস্থিতি কোনওভাবে পরিবর্তিত হয়, তাহলে আপনার যত তাড়াতাড়ি সম্ভব আপনার কর্মীকে জানানো উচিত।

- আপনার পরিস্থিতি সম্পর্কে যে কোনও পরিবর্তন যেমন আয়, কর্মসংস্থান, বসবাসের ব্যবস্থা বা শিশু পরিচর্যার ব্যবস্থা, অথবা অন্যান্য পরিবর্তন যা আপনার অব্যাহত যোগ্যতা বা আপনার সুবিধার পরিমাণকে প্রভাবিত করতে পারে তা আপনার অবশ্যই আপনার কর্মীকে তৎক্ষণাত্ জানাতে হবে।

অস্থায়ী সহায়তার ক্ষেত্রে, আপনার অবশ্যই পরিবর্তনের 10 দিনের মধ্যে পরিবর্তনের প্রতিবেদন করতে হবে। ব্যতিক্রম **একটাই** আছে। আপনি যদি কোনও শিশুর জন্য অস্থায়ী সহায়তা গ্রহণ করেন এবং আপনি জানেন যে শিশুটি 45 দিন বা তার বেশি সময়ের জন্য বাড়িতে অনুপস্থিত থাকবে, তাহলে শিশুটি যে এত দিন অনুপস্থিত থাকবে তা জানতে পারার 5 দিনের মধ্যে আপনার অবশ্যই সেই পরিবর্তনটির প্রতিবেদন করতে হবে। এই প্রতিবেদনের সময়সীমা অবশ্যই পূরণ করতে হবে, এমনকি যখন আপনি অন্যান্য সুবিধা পান, যেমন ফুড স্ট্যাম্প এবং মেডিকেল, এবং সেই প্রোগ্রামগুলির প্রতিবেদনের প্রয়োজনীয়তা ভিন্ন হয়। **এটি অস্থায়ী সহায়তার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ কারণ পরিবর্তনগুলির প্রতিবেদন করতে ব্যর্থ হওয়ার ফলে আপনার চলমান যোগ্যতা প্রভাবিত হতে পারে।**

আপনার অবশ্যই এজেন্সিটিকে যে কোনও পরিবর্তন সম্পর্কে জানাতে হবে, যাতে অন্তর্ভুক্ত, আপনার প্রয়োজনের কোনও পরিবর্তন, (উদাহরণস্বরূপ, ভাড়ার জন্য আপনি যে পরিমাণ অর্থ প্রদান করেন তা বেড়ে যায় বা কমে যায়), আয়, সংস্থান, থাকার ব্যবস্থা, বাসভবন/ঠিকানা, পরিবারের আকার, কর্মসংস্থান, স্বাস্থ্যের স্থিতি, আপনার সন্তানের অনুপস্থিত পিতা-মাতার সম্পর্কে নতুন তথ্য, আপনার বা আপনার সন্তানের জন্য উপলব্ধ স্বাস্থ্য বীমা, অভিবাসন/নাগরিকত্বের স্থিতি বা গর্ভাবস্থা, তবে কেবল এতে সীমাবদ্ধ নয়। আপনার পরিবর্তন সম্পর্কে **রিপোর্ট** করা উচিত কিনা সে বিষয়ে যদি আপনি নিশ্চিত না হন, তাহলে প্রতিবেদন করুন।

যদি আপনি কেবল ফুড স্ট্যাম্পের সুবিধাদি পেয়ে থাকেন এবং আপনাকে না জানানো হয় যে আপনি একজন ছয় মাসের প্রতিবেদক, তাহলে আপনার অবশ্যই 10 দিনের মধ্যে প্রতিবেদন করতে হবে:

- আপনার পরিবারের যে কোনও ব্যক্তির আয়ের উৎস সম্পর্কে যে কোনও পরিবর্তন।
- আপনার পরিবারের মোট উপার্জিত আয়ের পরিবর্তনসমূহ, যখন সেই বৃদ্ধি বা হ্রাসের পরিমাণ মাসে 100 মার্কিন ডলারের বেশি হয়।
- আপনার মোট পরিবারের অনুপার্জিত আয় সম্পর্কিত পরিবর্তনগুলি, যখন সেই বৃদ্ধি বা হ্রাসের পরিমাণ মাসে 25 মার্কিন ডলারের বেশি হয়, যদি তা কোনও **সরকারী** উৎস থেকে প্রাপ্ত হয় (যেমন সামাজিক সুরক্ষা সুবিধাদি (Social Security Benefits), বেকারত্ব বীমা সুবিধাদি (Unemployment Insurance Benefits, UIB), ইত্যাদি)।
- আপনার মোট পরিবারের অনুপার্জিত আয় সম্পর্কিত পরিবর্তনগুলি, যখন সেই বৃদ্ধি বা হ্রাসের পরিমাণ মাসে 100 মার্কিন ডলারের বেশি হয়, যদি তা কোনও **বেসরকারী** উৎস থেকে প্রাপ্ত হয় (যেমন শিশু সহায়তার অর্থ প্রদান, বেসরকারী প্রতিবন্ধীতা বীমার অর্থ প্রদান, ইত্যাদি)।
- ফুড স্ট্যাম্পের বাড়ির বাইরে কোনও শিশুকে আদালতের-আদেশ দেওয়া শিশু সহায়তার ক্ষেত্রে 100 মার্কিন ডলার বা তার বেশি পরিবর্তন।
- আপনার পরিবারের সদস্যদের সংখ্যায় পরিবর্তন।
- আপনার নতুন ঠিকানা, যদি আপনি বাড়ি বদল করেন।
- একটি নতুন বা ভিন্ন গাড়ি, বা অন্যান্য যানবাহন
- আপনার ভাড়া বা বন্ধকী ব্যয়ের পরিবর্তন।
- আপনার পরিবারের নগদ, স্টক, বন্ড, ব্যাংক থাকা বা সঞ্চয় প্রতিষ্ঠানে থাকা অর্থ যদি বাড়ি, এবং যদি পরিবারের সকল সদস্যদের মোট নগদ এবং সঞ্চয় 2,000 মার্কিন ডলার বা তার বেশি হয়ে থাকে (আপনার পরিবারে কোনও সদস্য যদি অক্ষম থাকে বা 60 বছর বা তার বেশি বয়স্ক হয় তাহলে 3000 মার্কিন ডলার বা তার বেশি)।

যখনই আপনি কোনও পরিবর্তনের প্রতিবেদন করবেন, আমাদের অবশ্যই দেখতে হবে এটি আপনার যোগ্যতাকে কীভাবে প্রভাবিত করে। কখনও কখনও একটি পরিবর্তন, যেমন সন্তানের জন্ম বা আপনার ভাড়া বেড়ে যাওয়া, এর অর্থ হতে পারে যে আপনি আরও অর্থ বা অন্যান্য সহায়তা পাবেন। তবে, একটি পরিবর্তন, যেমন কেউ চিরকালের জন্য আপনার বাড়ি ছেড়ে চলে যাওয়া, একটি নতুন কাজ শুরু করা বা বেশি অর্জন করা, এর মানে হতে পারে যে আপনি কম সহায়তা পাবেন।

আপনি যদি অস্থায়ী সহায়তা, ফুড স্ট্যাম্প সুবিধাদি বা চিকিৎসাগত সহায়তা পান এবং আপনার ত্রৈমাসিক প্রতিবেদন ফাইল করার প্রয়োজন না হয় এবং একজন ফুড স্ট্যাম্পের ছয় মাসের প্রতিবেদক না হন, তাহলে আপনার অবশ্যই আপনার কর্মীকে 10 দিনের মধ্যে পরিবর্তনগুলি সম্পর্কে জানাতে হবে এবং আপনার কর্মীকে পরিবর্তনের প্রমাণ দিতে হবে (যেমন বেতনের রসিদ, পুরস্কার পত্র, বাড়িওয়ালার বিবৃতি)। আপনি যদি কোনও পরিবর্তনের প্রতিবেদন না করেন, যেমন আয়ের বৃদ্ধি, এবং এর অর্থ দাঁড়ায় যে আপনি বেশি অর্থ বা অন্যান্য সহায়তা পান, তাহলে আপনার এটি ফেরত দিতে হতে পারে। আপনার বিরুদ্ধে আইনি ব্যবস্থাও নেওয়া হতে পারে। এছাড়াও, আপনি একটি নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী সহায়তা বা ফুড স্ট্যাম্প সুবিধাদি পেতে সক্ষম নাও হতে পারেন।

আপনি যদি ফুড স্ট্যাম্প সুবিধাদি পান এবং নির্ভরশীল ছাড়া সক্ষম প্রাপ্তবয়স্কদের (Able Bodied Adults Without Dependents, ABAWDS) জন্য কাজের প্রয়োজনীয়তা সাপেক্ষে থাকেন তাহলে যখন আপনার কর্মসংস্থান বা অন্যান্য কাজের ক্রিয়াকলাপে মাসিক অংশগ্রহণ 80 ঘন্টার নীচে নেমে যায় তখন আপনাকে অবশ্যই প্রতিবেদন করতে হবে।

নিম্নলিখিতগুলি হল সেই ধরনের পরিবর্তনগুলির প্রতিবেদন যা আপনার অবশ্যই 10 দিনের মধ্যে যে করতে হবে, যদি না আপনি ফুড স্ট্যাম্প সুবিধার জন্য ছয় মাসের প্রতিবেদক হন:

- আপনি একটি চাকরি পান বা আপনি একটি চাকরি হারান বা আপনার কাজ করার সময়ের পরিবর্তন ঘটে।
- আপনার পরিবারের সদস্য সংখ্যায় পরিবর্তন হয়। উদাহরণস্বরূপ:
  - একজন অ-হেফাজতি পিতা-মাতা ফিরে আসেন।
  - একটি শিশু বাড়ি ছেড়ে চলে যায় বা ফিরে আসে।
- আপনি গর্ভবতী, অথবা আপনার সবে মাত্র একটি বাচ্চা হয়েছে।
- আপনার আয় বা প্রকৃত কাজের সময় পরিবর্তন হয়।



- আপনি অন্যান্য আয় পেতে শুরু বা বন্ধ করেন, যেমন:
  - সোশ্যাল সিকিউরিটির সুবিধা বা স্যানিটমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI)
  - শিশু সহায়তা, ভরণপোষণ বা কোনও অ-হেফাজতি পিতা-মাতা বা স্বামী-স্ত্রীর কাছ থেকে কোনও অর্থ
  - বেকারত্ব বীমার সুযোগ সুবিধা (Unemployment Insurance Benefits, UIB)
  - পেনশন বা অবসরকালীন সুবিধাদি
  - শ্রমিকের ক্ষতিপূরণ বা দুর্ঘটনার নিষ্পত্তি
  - রুমার, বোর্ডার থেকে বা একটি বাড়ি বা অ্যাপার্টমেন্ট ভাড়া নেওয়ার জন্য অন্য ব্যক্তিকে অর্থ
  - ট্যাক্সের রিফান্ড
  - অর্জিত আয়কর ক্রেডিট (Earned Income Tax Credit, EITC) (শুধুমাত্র ফুড স্ট্যাম্প সুবিধাদির জন্য)
  - কাজ করা বা অন্যান্য উপায় থেকে আপনার পাওয়া অন্য যে কোনও অর্থ।
- আপনার ঠিকানা পরিবর্তন হয়, আপনার ভাড়ার পরিমাণ পরিবর্তন হয় অথবা আপনি আপনার আবাসনের জন্য অর্থ প্রদানের জন্য আরও সহায়তা পেতে শুরু করেন, যেমন সরকারের কাছ থেকে ভর্তুকি।
- 18 বছরের কম বয়সী একজন শিশু স্কুল ছেড়ে দেয় (আপনি যদি কেবল চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করেন তাহলে প্রয়োজন নেই)।
- আপনার বাড়িতে 16 বছর বা তার বেশি বয়সী একজন শিশু স্কুল ছেড়ে দেয় (যদি আপনি কেবল চিকিৎসাগত সহায়তার জন্য আবেদন করেন তাহলে প্রয়োজন নেই)।
- বাড়ির একজন প্রাপ্তবয়স্ক হাসপাতালে যান, অসুস্থ হয়ে পড়েন বা তার এমন একটি অবস্থা রয়েছে যা তার কাজ করতে সক্ষম হওয়া, কর্মসংস্থানের ক্রিয়াকলাপে অংশ নিতে বা পরিবারের শিশুদের পরিচর্যাকে (চিকিৎসা সহায়তার জন্য প্রয়োজনীয় নয়) প্রভাবিত করে।
- আপনি একজন অ-হেফাজতকারী পিতামাতার সম্পর্কে কোনও নতুন তথ্য জানতে পারেন, যেমন পিতামাতা কোথায় আছেন। (যদি না আপনি প্রতিবন্ধিতা সহ কর্মজীবী ব্যক্তিদের জন্য আপনি মেডিকেড বাই-ইন প্রোগ্রাম গ্রহণ করেন)।
- আপনি বিয়ে করেন, বিচ্ছেদ করেন বা বিবাহবিচ্ছেদ করেন।
- আপনি বা পরিবারের অন্যান্য সদস্যরা স্বাস্থ্য বীমা পান, এমনকি যদি অন্য কেউ বীমার জন্য অর্থ প্রদান করে তবুও। (আপনি যদি শুধুমাত্র খাদ্যের স্ট্যাম্পের সুবিধাগুলির জন্য আবেদন করেন তাহলে আপনাকে এটি রিপোর্ট করতে হবে না)।
- আপনি বা আপনার সাথে বসবাসকারী কেউ সম্পত্তি পান।
- আপনি বা আপনার সাথে বসবাসকারী কেউ কোনও সম্পত্তি বা অর্থ স্থানান্তর করেন।
- আপনি বা আপনার সাথে বসবাসকারী কেউ দুর্ঘটনায় আহত হন, চিকিৎসাগত সহায়তা দ্বারা চিকিৎসা পান এবং যিনি দুর্ঘটনা ঘটিয়েছেন তার বিরুদ্ধে মামলা করছেন।
- একটি শিশু চিকিৎসাগত সহায়তার জন্য টানা 45 বা তার বেশি দিন বা 30 দিনের জন্য বাড়ির বাইরে থাকবে।

### একক অঙ্কের অর্থ প্রদানের প্রতিবেদন করার প্রয়োজনীয়তা

একক অঙ্কের অর্থ প্রদান হল একটি এককালীন অর্থ প্রদান, যেমন একটি বীমার নিষ্পত্তি, একটি সঞ্চিত বিপরীতমুখী মাসিক সুবিধা, যে কোনও উত্তরাধিকার বা জুয়া খেলার জেতা যা যখন আপনার অন্যান্য গণনাযোগ্য মাসিক আয়ের সাথে মিলিত হয়, তখন আপনার মাসিক অস্থায়ী সহায়তার প্রয়োজনের চেয়ে বেশি হয় (অর্থাৎ, আয়ের গণনার আগে অস্থায়ী সহায়তার অনুদান)। যখন একটি এককালীন অর্থ প্রদান কম হয়, অর্থাৎ যখন এটি আপনার অন্যান্য গণনাযোগ্য মাসিক আয়ের সাথে মিলিত হয় তখন আপনার মাসিক অস্থায়ী সহায়তার প্রয়োজনীয়তার চেয়ে কম হয় (আয় গণনার আগে এটি অস্থায়ী সহায়তার অনুদান), এটি একটি একক অঙ্ক হিসাবে বিবেচিত হয় না; এটি আয় হিসাবে গণ্য করা হয়। আপনি বা আপনার পরিবারের কোনও সদস্য যদি একক অঙ্কের অর্থ প্রদান, অথবা একবারের আয়ের অর্থ প্রদান পান বা আশা করেন তাহলে আপনাকে **অবিলম্বে** আপনার কর্মীকে বলতে হবে। আপনি যদি একটি একক অঙ্কের অর্থ প্রদান পান এবং আপনি অস্থায়ী সহায়তা পান তাহলে আপনার অনুদান নিম্নরূপে প্রভাবিত হতে পারে:

- 1) আপনি যদি একটি একক অঙ্কের অর্থ প্রদান পান তাহলে আপনাকে একক অঙ্কের সেই অংশটি রাখার অনুমতি দেওয়া হতে পারে, যা আপনার গণনাযোগ্য সম্পদের সাথে একত্রে সম্পদের সীমার উপরে যায় না। এটিকে আলাদা করে রাখা সম্পদ বলা হয়। সম্পদের সীমা একজন ব্যক্তি বা পরিবারের জন্য 2,000 মার্কিন ডলার অথবা 3,000 মার্কিন ডলার যদি ব্যক্তিটি হন, বা পরিবারের মধ্যে থাকেন 60 বছর বা তার বেশি বয়সী একজন সদস্য।
- 2) যদি অবশিষ্ট পরিমাণ (সম্পদের স্তরের উপরে যা আছে) আপনার মাসিক অস্থায়ী সহায়তার প্রয়োজনের চেয়ে **কম** হয় (আয় গণনার আগে এটি TA অনুদান), তাহলে এটি একক অঙ্কের অর্থ প্রদানের অবশিষ্টাংশ, এবং আপনি যে মাসে এটি পাবেন তার আয় হিসাবে গণ্য করা হবে। নীচের **ব্যতিক্রমগুলি** দেখতে ভুলবেন না।
- 3) যদি অবশিষ্ট পরিমাণ আপনার মাসিক অস্থায়ী সহায়তার প্রয়োজনের চেয়ে **বেশি** হয় তাহলে আপনাকে অবশ্যই নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে একটি করতে হবে:

#### বিকল্প 1

- অতীতে পাওয়া অর্থ ফেরত দেওয়া এবং সহায়তা করার জন্য সামাজিক পরিষেবাগুলির স্থানীয় বিভাগকে থোক পরিমাণ অর্থ **সমর্পণ** করুন।
- যদি থোক পরিমাণ অর্থ প্রদান অতীতে আপনাকে প্রদান করা সহায়তার পরিমাণের চেয়ে কম হয় তাহলে আপনার কেসটি খোলা থাকতে পারে।
